# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Magh 22, 1430 Bangla, February 05, 2024, Monday, No. 36, 54th year

# H I G H L I G H T S

US President has written a letter to PM Sheikh Hasina expressing his willingness to work together to achieve BD's economic goals. On the other hand, US ambassador to Dhaka Peter Haas says, "Although election in BD was not free and fair, America has no objection to work together with Dhaka."
(R. Tehran: 11, Jago FM: 17)

AL GS Obaidul Quader has sought China's cooperation in de-escalating tensions in the BD-Myanmar border area. (R. Tehran: 12, Jago FM: 18)

58 border guard members of Myanmer took refuge in BD fleeing clashes with Arakan Army along Naikshyongchari border in Bandarban. BD Home Minister says, efforts are underway to send them back.
(BBC: 3, R. Today: 14,15)

AL Joint GS AFM Bahauddin Nashim tells BBC Bangla, that "BNP is now in throes of failure. So, to protect party, to protect leadership, they are giving programs. We are not worried about them at all."
(BBC: 5)

Textiles and Jute Minister Jahangir Kabir Nanak says, immediate action will be taken to get Tangail saree patent and GI certificate. (Jago FM: 21)

Remaining silent for three weeks after elections, BNP has started a new movement to topple the government. Many political analysts think, this movement can put new AL govt in trouble amid rising commodity prices and energy crisis. (BBC: 4)

The Directorate of Factories and Institutions has appealed to HC against the stay order of Labour Appellate Tribunal on the effectiveness of Mohammad Yunus' 6-month sentence.
(R. Today: 17)

Gunmen have killed 2 UPDF members at upasajek union in Rangamati. UPDF claims, members of JSS Santu Larma group were involved in the murder. (VOA: 10)

An AL student wing leader and two others have been accused of raping a wife keeping her husband locked up in JU hall. Students are protesting in campus on this incident. (BBC: 6, R. Today: 17)

First phase of Biswa Ijtema ended yesterday with last prayer at Turag bank of Tongi. Lakhs of worshipers participated in the prayer. (R. Today: 16)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ২২, বাংলা ১৪৩০, ফেব্রুয়ারি ০৫, ২০২৪, সোমবার, নং- ৩৬, ৫৪তম বছর**

# শিরোনাম

বাংলাদেশের অর্থনৈতিক লক্ষ্য অর্জনে একসঙ্গে কাজ করার ইচ্ছা প্রকাশ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চিঠি দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন। অন্যদিকে, বাংলাদেশের নির্বাচন অবাধ ও সুষ্ঠু না হলেও ঢাকার সঙ্গে একত্রে কাজ করতে আমেরিকার আপত্তি নেই বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস।
(রে. তেহরান: ১১, জাগো এফএম: ১৭)

মিয়ানমার সীমান্ত এলাকায় উত্তেজনার নিরসনে চীনের সহযোগিতা চেয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। (রে. তেহরান: ১২, জাগো এফএম: ১৮)

বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম সীমান্তের ওপারে মিয়ানমারের বিদ্রোহী দল আরাকান আর্মির সঙ্গে সংঘর্ষের মধ্যে দেশটির সীমান্তরক্ষী বাহিনীর বহু সদস্য পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিয়েছেন। তাদেরকে ফেরত পাঠানোর চেষ্টা চলছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল । (বিবিসি :৩, রে. টুডে: ১৪, ১৫)

"বিএনপি এখন ব্যর্থতার গ্লানিতে ডুবে রয়েছে। তাই দল রক্ষার জন্য, নেতৃত্ব রক্ষার জন্যই তারা গতানুগতিক এসব কর্মসূচি দিচ্ছে। আমরা এগুলোতে মোটেও চিন্তিত না", বিবিসি বাংলাকে বলেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম। (বিবিসি :৫)

টাঙ্গাইল শাড়ির প্যাটেন্ট, জিআই সনদ পেতে দ্রুত কার্যকর ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন বস্ত্র ও পাটমন্ত্রী জাহাঙ্গীর কবির নানক। (জাগো এফএম: ২১)

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পর প্রায় তিন সপ্তাহ চুপচাপ থাকার পরে নতুন করে সরকার পতনের আন্দোলন শুরু করেছে বিএনপি। দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি, জ্বালানি সংকটসহ নানা সমস্যার মধ্যে এই আন্দোলন আওয়ামী লীগের নতুন সরকারকে বেকায়দায় ফেলতে পারে বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকদের অনেকে। (বিবিসি : ৪)

শ্রম আইন লঙ্ঘনের মামলায়, গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান ও নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মোহাম্মদ ইউনূসের ৬ মাসের সাজার কার্যকারিতার ওপর, বাংলাদেশের শ্রম আপিল ট্রাইব্যুনালের দেয়া স্থগিত আদেশের বিরুদ্ধে হাইকোর্টে আবেদন করেছে কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তর। (রে. টুডে: ১৭)

রাঙ্গামাটির বাঘাইছরি উপসাজেক ইউনিয়নে ইউপিডিএফ-এর ২ সদস্যকে গুলি করে হত্যা করেছে বন্দুকধারী ব্যক্তিরা ইউপিডিএফ দাবি করেছে, জেএসএস সন্তু লারমা গ্রপের লোকজন এই হত্যার সঙ্গে জড়িত। (ভোয়া :১০)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে এক দম্পত্তিকে ডেকে এনে স্বামীকে আবাসিক হলে আটকে রেখে স্ত্রীকে ধর্ষণের অভিযোগ উঠেছে এক ছাত্রলীগ নেতাসহ দুজনের বিরুদ্ধে। এ ঘটনায় ক্যাম্পাসে বিক্ষোভ করছে শিক্ষার্থীরা।
(বিবিসি : ৬, রে. টুডে: ১৭)

টঙ্গীর তুরাগ তীরে আখেরি মোনাজাতের মধ্য দিয়ে আজ শেষ হলো বিশ্ব ইজতেমার প্রথম পর্ব। মোনাজাতে লাখো মুসল্লি অংশ নেয়। (রে. টুডে: ১৬)

# বিবিসি

## মিয়ানমার থেকে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নেওয়া সীমান্তরক্ষীর সংখ্যা বেড়ে ৫৮

বান্দরবানের তমব্রু সীমান্তের বিজিবি ক্যাম্পে মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর এখনও পর্যন্ত ৫৮ জন সদস্য পালিয়ে আশ্রয় নিয়েছেন বাংলাদেশে। তারা নাইক্ষ্যংছড়ি সীমান্তের ওপারে মিয়ানমারের বিদ্রোহী দল আরাকান আর্মির সঙ্গে সংঘর্ষের মধ্যে পালিয়ে এসেছেন। বর্ডার গার্ডস বাংলাদেশ বা বিজিবি'র সদর দপ্তরের কর্মকর্তা সাইফুল আলম বিবিসি বাংলাকে বলেন, রবিবার রাত পর্যন্ত মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনীর ৫৮জন সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছে। তাদের অস্ত্র ও গুলি বিজিবির কাছে জমা রাখা আছে। রবিবার সন্ধ্যার পর থেকে বান্দরবানের ঘুমধুম সীমান্তে গোলাগুলির পরিমাণ কিছুটা কমেছে বলে নিশ্চিত করেছে বিজিবি। ঘুমধুম সীমান্তে বিজিবি ৩৪ ব্যাটেলিয়ানের অধিনায়ক আব্দুল্লাহ আল আশরোকি বিবিসি বাংলাকে বলেন, “সীমান্ত পাড়ি দিয়ে যারা আসছে তারা মূলত মিয়ানমারের সিকিউরিটি ফোর্সের সদস্য। তাদেরকে আমরা কর্ডন করেছি।" "তাদেরকে ডিসআর্ম করেছি। অস্ত্র আলাদা করেছি এবং তাদেরকে আমরা নিরাপদ স্থানে রেখেছি।" তাদের বিরুদ্ধে আর্ন্তজাতিক প্রচলিত বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে বলেও জানান মি. চৌধুরী।

রবিবার দুপুরে সচিবালয়ে বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান গণমাধ্যমকে বলেন, "তাদেরকে ফেরত পাঠিয়ে দিবো আমরা। এজন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মিয়ানমারের সাথে যোগাযোগ করা হচ্ছে।" গত কয়েক সপ্তাহ ধরেই বাংলাদেশ ও ভারতের সীমান্ত সংলগ্ন এলাকায় যুদ্ধ জোরালো করেছে আরাকান আর্মিসহ কয়েকটি গোষ্ঠী। তারা সম্মিলিতভাবে মিয়ানমারের সামরিক বাহিনীর বিরুদ্ধে অভিযান শুরু করেছে। এর মধ্যেই কোনও কোনও সীমান্ত শহর দখল করে নিয়েছে। নাইক্ষ্যংছড়ি উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ জাকারিয়া বিবিসি বাংলাকে বলেন, “এরই মধ্যে আজ তুমব্রুতে একজন আহত হয়েছেন। সেখানে পাঁচটি প্রাথমিক স্কুল ও একটি মাদ্রাসা বন্ধ রাখা হয়েছে।” ঘুমধুম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এ কে এম জাহাঙ্গীর আজিজ জানান, সকাল থেকেই খারাপ অবস্থা। সীমান্তের ওইপাশ থেকে গোলাগুলির শব্দ আসছে। শনিবার গুলির আঘাতে বান্দরবানের একটি সিএনজিতেও গুলি লাগে। তুমব্রুতে একজন আহত হয়েছে এবং বাইশফাঁড়ি সীমান্তের কাছে একজনের বাড়িতে গোলা পড়েছে। মিয়ানমারের ভেতরে গত কয়েক সপ্তাহ যাবত চলা সংঘাতের প্রেক্ষাপটে বাংলাদেশের সীমান্ত ঘেঁষা এলাকায় আগেই সতর্কতা বাড়িয়েছে স্থানীয় কর্তৃপক্ষ।

বাংলাদেশে কক্সবাজারের টেকনাফ এবং বান্দরবানের তুমব্রু সীমান্ত এলাকায় গত সপ্তাহ থেকে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত গোলাগুলি ও মর্টার শেল ছোঁড়ার শব্দ শুনছেন বলে বিবিসিকে জানিয়েছেন স্থানীয় কয়েকজন বাসিন্দা। সীমান্ত লাগোয়া বাংলাদেশের কয়েকটি বাড়িতে গুলি এসে পড়েছে বলেও জানাচ্ছেন তারা। মিয়ানমারে যেখানে এসব সংঘাত চলছে, তা বাংলাদেশের সীমান্তের খুব কাছে অবস্থিত হওয়ায় তুমব্রু ও টেকনাফ সীমান্তে এরই মধ্যে সতর্ক অবস্থানের কথা জানিয়েছে কক্সবাজার এবং বান্দরবানের জেলা প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনী। গত অক্টোবরে আরাকান আর্মি সামরিক বাহিনী বিরোধী সশস্ত্র জোট ব্রাদারহুড অ্যালায়েন্সের অংশ হিসেবে ব্যাপকতর লড়াইয়ে যোগ দেয়ার ঘোষণা দেয়। তারা ইতোমধ্যেই দেশজুড়ে বিদ্রোহী গোষ্ঠীগুলোর দৌরাত্ম্যে চাপে থাকা সেনাবাহিনীর ওপর সিরিজ আক্রমণ শুরু করে। এরপর গত ১১ সপ্তাহে চীনের সীমান্তবর্তী বিভিন্ন অংশে জোটের হাতে পর্যুদস্ত হয় মিয়ানমারের সামরিক বাহিনী।

সর্বশেষ গত শনিবার দেশের আরেকপ্রান্তে ভারত-ঘেঁষা পালেতোয়া শহরের মিওয়া ঘাঁটির শেষ সেনাচৌকিটি দখলে নেয় আরাকান আর্মি। ২০২০ সালে একবার এই ঘাঁটিই ৪২ দিনের টানা লড়াইয়ের পর দখল করতে ব্যর্থ হয় তারা। ইতিমধ্যে এসব এলাকা থেকে কয়েকশত মিয়ানমারের সৈনিক পালিয়ে ভারতে আশ্রয় নিয়েছে। তবে বাংলাদেশে প্রবেশের ঘটনা এবারই প্রথম ঘটলো। নাইক্ষংছড়ির ঘুমধুম ইউনিয়নের তুমব্রু হেডম্যান পাড়া চাকমাপল্লীর অবস্থান সবচেয়ে কাছাকাছি। মিয়ানমার সীমান্তের কাঁটাতার ঘেঁষা এই পল্লীতে ২৭টি পরিবারের বসবাস। মিয়ানমারের চলমান ঘটনার প্রেক্ষাপটে এই পল্লীর বাসিন্দারা রাতে পালা করে জেগে থেকে পাহারা দিচ্ছেন। মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্তের দৈর্ঘ্য প্রায় ২৮৩ কিলোমিটার। এর বড় একটা অংশই পড়েছে কক্সবাজারের উখিয়া-টেকনাফ এবং বান্দরাবানের নাইক্ষ্যংছড়ি উপজেলায়। (বিবিসি ওয়েব পেজ: ৪.২.২৪ রিহাব )

## বিএনপির নতুন আন্দোলন ঠেকাতে আওয়ামী লীগের কৌশল কী?

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পর প্রায় তিন সপ্তাহ চুপচাপ থাকার পরে নতুন করে সরকার পতনের আন্দোলন শুরু করেছে বিএনপি। দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি, জ্বালানি সংকটসহ নানা সমস্যার মধ্যে এই আন্দোলন আওয়ামী লীগের নতুন সরকারকে বেকায়দায় ফেলতে পারে বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকদের অনেকে। এ অবস্থায় বিএনপিকে মোকাবেলা করে রাজনীতির মাঠ নিজেদের দখলে রাখতে এবার ক্ষমতাসীন আওয়ামী লীগ কী ধরনের কৌশল অবলম্বন করে, সেটি নিয়েই এখন মানুষের মধ্যে আগ্রহ তৈরি হয়েছে। যদিও আওয়ামী লীগের নেতারা মুখে বলছেন, তারা বিএনপির আন্দোলনকে খুব একটা আমলে নিচ্ছেন না। তবে দ্রব্যমূল্যের উর্ধ্বগতির মতো আমজনতার ইস্যুকে বিএনপি

এবার এজেন্ডা হিসেবে বেছে নিয়ে যেভাবে আন্দোলন এগিয়ে নিতে চাচ্ছে, সেটি ঠিকঠাক মোকাবেলা করতে না পারলে সরকার কঠিন চ্যালেঞ্জের মুখে পড়তে পারে বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকদের কেউ কেউ।

"আন্দোলনের ইস্যু হিসেবে বিএনপি এবার এমন একটি বিষয়টিকে সামনে এনেছে, যেটি এদেশের সাধারণ মানুষের ইস্যু। কাজেই কৌশলে এই আন্দোলন মোকাবেলা করতে ব্যর্থ হলে সরকার বেকায়দায় পড়তে পারে", বিবিসি বাংলাকে বলেন রাজনৈতিক বিশ্লেষক ড. জোবাইদা নাসরিন। আওয়ামী লীগ সরকারের গত দুই মেয়াদে বিএনপির আন্দোলন মোকাবেলায় তারা কখনো পাল্টা কর্মসূচি দিয়ে মাঠে থেকেছে, আবার কখনো মামলা দিয়ে বিরোধী পক্ষের নেতাকর্মীদের দমন করেছে। পাল্টা-পাল্টি কর্মসূচি দেওয়ার কারণে বিভিন্ন সময় রাজনৈতিক অঙ্গনে যেমন উত্তেজনা বাড়তে দেখা গেছে, তেমনি সহিংস ঘটনাও ঘটেছে। অন্যদিকে, বিরুদ্ধ মতের ওপর দমন-পীড়ন নিয়েও বিভিন্ন সময় পশ্চিমাদের কাছে প্রশ্নের মুখে পড়তে হয়েছে আওয়ামী লীগ সরকারকে। এ অবস্থার মধ্যেই বিএনপি-বিহীন নির্বাচনের মাধ্যমে টানা চতুর্থবার ক্ষমতা গ্রহণ করেছে আওয়ামী লীগ।

এখন প্রশ্ন হচ্ছে, এবারও কি তারা আগের নীতিতেই চলবে, নাকি কৌশলে পরিবর্তন আনবে? নতুন সংসদের প্রথম অধিবেশনে অংশ নিতে গত ৩০শে জানুয়ারি দুপুরে যখন সদ্য বিজয়ী জনপ্রতিনিধিরা সংসদ ভবনে ঢুকছিলেন, তখন সংসদ বাতিলের দাবিতে দেশের বিভিন্ন স্থানে কালো পতাকা মিছিল করছিলেন বিএনপির নেতাকর্মীরা। নির্বাচনের পর গত দশ দিনে এভাবে সারা দেশে অন্তত দু'দফায় কালো পতাকা মিছিল করতে দেখা গেছে বিএনপিকে। এসব কর্মসূচিতে দ্রব্যমূল্যের উর্ধ্বগতির মতো বিষয়কে সামনে এনে 'জনরোষ' তৈরির মাধ্যমে সরকারের পতনের হুমকি দিচ্ছেন দলটির নেতারা। কিন্তু বিএনপির এই আন্দোলনকে ক্ষমতাসীন আওয়ামী লীগ কতটা আমলে নিচ্ছে? "আমরা আমলেই নিচ্ছি না, মোকাবেলা করা তো দূরের কথা", বিবিসি বাংলাকে বলেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী ও আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য মো. আব্দুর রহমান। তিনি আরও বলেন, "তাদের এসব আন্দোলনের কথা বহুদিন ধরেই এদেশের মানুষ শুনতেছে। এটা নতুন কিছু না। আগেও তারা বহুবার এগুলো বলেছে, তারপর ব্যর্থ হয়ে ঘরে ফিরে গেছে।"

আওয়ামী লীগ সরকারের বিরুদ্ধে গত ষোল বছর ধরেই বিভিন্ন সময় সভা-সমাবেশ, রোড মার্চ-সহ নানান আন্দোলন কর্মসূচি পালন করে আসছে বিএনপি। নির্বাচনকালীন নিরপেক্ষ সরকারের আন্দোলনেও পার হয়েছে এক যুগেরও বেশি সময়।কিন্তু দলটি এখনও পর্যন্ত তাদের লক্ষ্য অর্জনে সফল হয়নি। বরং তাদের আন্দোলনের মধ্যেই টানা চতুর্থ দফায় সরকার গঠন করেছে আওয়ামী লীগ। "বিএনপি এখন ব্যর্থতার গ্লানিতে ডুবে রয়েছে। তাই দল রক্ষার জন্য, নেতৃত্ব রক্ষার জন্যই তারা গতানুগতিক এসব কর্মসূচি দিচ্ছে। আমরা এগুলোতে মোটেও চিন্তিত না", বিবিসি বাংলাকে বলেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম। গত সাতই জানুয়ারির নির্বাচনে বিএনপিসহ সব দলের অংশগ্রহণ নিশ্চিত করতে পশ্চিমা দেশগুলোর তাগিদের প্রেক্ষিতে শুরুতে এক ধরনের চাপে পড়েছিল ক্ষমতাসীনরা। কিন্তু সেই চাপ সামলে আবারও ক্ষমতার আসনে বসতে পারায় আওয়ামী লীগ যে আগের চেয়ে আরও আত্মবিশ্বাসী হয়ে উঠেছে, দলটির নেতাদের কথাতেই সেটি স্পষ্টভাবে বোঝা যাচ্ছে।

"জনগণের রায় নিয়েই আমরা সরকার গঠন করেছি। এটা মামার বাড়ির আবদার না যে বিএনপি চাইলেই সরকার পতন হয়ে যাবে", বিবিসি বাংলাকে বলেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী ও আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য মো. আব্দুর রহমান। "যে দাবি নিয়ে তারা রাস্তায় নেমেছে, সেটি রাস্তাতেই পড়ে থাকবে", বলেন মি. রহমান।নির্বাচনের আগে বিএনপির বিভিন্ন কর্মসূচির বিপরীতে পাল্টা কর্মসূচি দিয়ে মাঠ দখলে রেখেছিল আওয়ামী লীগ। নির্বাচনের পরেও বিএনপির কালো পতাকা মিছিলের পাল্টা কর্মসূচি হিসেবে গত ২৭শে জানুয়ারি গুলিস্তানে নিজেদের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে শান্তি সমাবেশ করতে দেখা গেছে ক্ষমতাসীন দলটিকে। কিন্তু এর দু'দিন পরেই বিএনপির দ্বিতীয় দফার কালো পতাকা মিছিলের বিপরীতে আওয়ামী লীগ যে শান্তি সমাবেশের ঘোষণা দিয়েছিল, সেই কর্মসূচিতে হঠাৎ-ই পরিবর্তন দেখা যায়। সব ধরনের প্রস্তুতি থাকার পরও 'অনিবার্য কারণ' দেখিয়ে শেষ মুহূর্তে কর্মসূচি স্থগিতের ঘোষণা দেয় ঢাকা মহানগর আওয়ামী লীগ। "কেন্দ্রের নির্দেশেই আমরা প্রস্তুতি নিয়েছিলাম, আবার কেন্দ্রের নির্দেশেই কর্মসূচি স্থগিত করা হয়েছে" বিবিসি বাংলাকে বলেন ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের সভাপতি আবু আহমেদ মন্নাফী। তাহলে রাজপথে বিএনপিকে মোকাবেলায় আওয়ামী লীগের কৌশলে কি কোনও পরিবর্তন আসছে? "আমরা তাদের এগুলো কেন মোকাবেলা করতে যাব? আমরা আমাদের কর্মসূচি পালন করব, মানুষের পাশে থাকব" বিবিসি বাংলাকে বলেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী ও আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য মো. আব্দুর রহমান। বাংলাদেশে গত কয়েক বছর ধরে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম ক্রমেই বাড়ছে। এতে সাধারণ মানুষের পক্ষে জীবন ধারণ করা আরও কঠিন হয়ে যাচ্ছে। ফলে তাদের মধ্যে এক ধরনের ক্ষোভ দানা বাঁধতে শুরু করেছে। আর এই সুযোগ কাজে লাগিয়ে সমমনা দলগুলোকে সঙ্গে নিয়ে সরকার পতনের বড় আন্দোলন গড়ে তুলতে চাইছে বিএনপি। আওয়ামী লীগ সরকারের কাছেও বিরোধীদের এই পরিকল্পনা অজানা কিছু নয়। তাছাড়া দলটির নির্বাচনী ইশতেহারেও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের ব্যাপারে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। ফলে তারা এখন সেটির প্রতিই বেশি গুরুত্ব দিচ্ছে।

"জনগণ আমাদের নির্বাচনী ইশতেহার দেখেছে এবং ভোট দিয়ে ক্ষমতায় বসিয়েছে। কাজেই সরকারের এখন প্রধান লক্ষ্যই হচ্ছে নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন করা এবং জনগণের পাশে থাকা" বিবিসি বাংলাকে বলেন আওয়ামী লীগের

যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম। সম্প্রতি আওয়ামী লীগের সাধারণ সম্পাদক তথা সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরও সাংবাদিকদের জানিয়েছেন যে, সরকার দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে কাজ করছে। সব মিলিয়ে মনে যাচ্ছে, পাল্টা কর্মসূচি দেওয়ার চেয়ে বিরোধীদের আন্দোলনের প্রধান ইস্যুর মৃত্যু ঘটানোই এখন ক্ষমতাসীনদের নতুন রাজনৈতিক কৌশল। "সব সময় দেশের মানুষের পাশে থেকে উন্নয়ন, অগ্রগতি এবং গণতন্ত্রকে সামনের দিকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার যে কাজ, সেটি আমরা বঙ্গবন্ধুর কন্যা শেখ হাসিনার নেতৃত্বে করে যাব। এখন এটিই আমাদের কৌশল", বিবিসি বাংলাকে বলেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মো. আব্দুর রহমান।

দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের মাধ্যমে বিএনপির আন্দোলনকে ব্যর্থ করার কৌশল নিলেও নিজেদের দখলে থাকা রাজনীতির মাঠ হাতছাড়া করতে চায় না আওয়ামী লীগ। আপাতত পাল্টা কর্মসূচি না থাকলেও নিয়মিত দলীয় কর্মসূচি পালনের পরিকল্পনা রয়েছে ক্ষমতাসীন দলটির। "নেতা-কর্মীদের উজ্জীবিত ও আরও ঐক্যবদ্ধ রাখার জন্য সারা বছরই আমরা সভা-সমাবেশ করে থাকি। এবারও সেগুলো অব্যাহত থাকবে। আমরা সব সময় মাঠে আছি, মাঠেই থাকব", বিবিসি বাংলাকে বলেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম। এক্ষেত্রে বিরোধী পক্ষকে কি নির্বিঘ্নে আন্দোলন কর্মসূচি চালিয়ে যেতে দেওয়া হবে? "সুষ্ঠু, সুন্দরভাবে তারা তাদের কর্মসূচি পালন করুক, এটা আমরাও চাই" বিবিসি বাংলাকে বলেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী ও আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য মো. আব্দুর রহমান।

আওয়ামী লীগ মুখে এসব কথা বললেও বাস্তবে কর্মসূচি পালন করতে গিয়ে বাধার মুখে পড়তে হচ্ছে বলে অভিযোগ করেছে বিএনপি। গত ৩০শে জানুয়ারি বিএনপি যে কালো পতাকা মিছিল বের করেছিল, পুলিশি বাধার মুখে বেশির ভাগ স্থানে সেটি পণ্ড হয়ে যায়। মিছিল বের করায় সারা দেশে শতাধিক নেতাকর্মীকে গ্রেফতার করা হয়েছে বলে দাবি করেছে বিএনপি। যদিও এ বিষয়ে আইনশৃঙ্খলা বাহিনীর কাছে জানতে চেয়ে বিএনপির নেতা-কর্মী গ্রেফতারের সুনির্দিষ্ট কোনও পরিসংখ্যান পাওয়া যায়নি। তবে আওয়ামী লীগ সরকারের আগের দুই মেয়াদেও বিএনপির নেতাকর্মীদের উপর হামলা-মামলার ঘটনা ঘটতে দেখা গেছে। গত ১০ বছরে বিভিন্ন মামলায় দলের পঞ্চাশ লাখেরও বেশি নেতা-কর্মীকে আসামি করা হয়েছে বলে দাবি করেছে বিএনপি। এসব মামলায় দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর-সহ শীর্ষ অনেক নেতাকে গ্রেফতার করে কারাগারে পাঠানো হয়েছে এবং ইতিমধ্যে বেশ কয়েক জনের সাজাও ঘোষণা করা হয়েছে। নতুন মেয়াদে ক্ষমতা গ্রহণের পর আওয়ামী লীগ কি আবারও সেই পথে হাঁটতে যাচ্ছে? "যারা আইনকে মানে না, আইনকে অসম্মান করে, উশৃঙ্খল আচরণ করে, আইন অনুযায়ী তাদের পরিণতি যা হওয়ার, সেটাই তাদের ভোগ করতে হবে", বিবিসি বাংলাকে বলেন মি. নাছিম। দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে নামিয়ে আনার যে কৌশল আওয়ামী লীগ সরকার নিয়েছে, কত দ্রুত সেটি তারা বাস্তবায়ন করা সম্ভব হয় উপরেই সাফল্য ও ব্যর্থতা অনেকাংশে নির্ভর করছে বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা। "এটা অবশ্যই ভালো একটি কৌশল, কিন্তু দ্রুত এটি কার্যকর করতে না পারলে কৌশল পুরোপুরি কাজে নাও আসতে পারে" বিবিসি বাংলাকে বলেন রাজনৈতিক বিশ্লেষক ড. জোবাইদা নাসরিন।

মিজ নাসরিনের কথার সাথে একমত পোষণ করেছেন আরেক রাজনৈতিক বিশ্লেষক ড. গোবিন্দ চক্রবর্তী। "বিএনপি যেহেতু জনগুরুত্বপূর্ণ ইস্যুগুলো নিয়ে এগোচ্ছে, সেক্ষেত্রে বাজার ব্যবস্থাপনার প্রতি নজর দেওয়াই হবে আওয়ামী লীগের জন্য সময়পোযোগী সিদ্ধান্ত", বিবিসি বাংলাকে বলেন মি. চক্রবর্তী। তবে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ছাড়াও আওয়ামী লীগের নতুন সরকারের সামনে রিজার্ভ ও জ্বালানি সংকটের মতো বেশ কিছু অর্থনৈতিক চ্যালেঞ্জও রয়েছে। এসব চ্যালেঞ্জের পাশাপাশি বিএনপি'র মতো বিরোধী পক্ষকে মোকাবেলা করেই আগামী পাঁচ বছর ক্ষমতায় টিকে থাকতে হবে আওয়ামী লীগকে। কাজেই পাল্টা কর্মসূচি থেকে সরে আসার যে ইঙ্গিত ক্ষমতাসীন দল থেকে দেওয়া হচ্ছে, সেটি খুব বেশিদিন স্থায়ী হবে না বলেই মনে করছেন ড. জোবাইদা নাসরিন। "এটি দীর্ঘমেয়াদী কিছু না। মূলত বিএনপি সামনে কী ধরনের কর্মসূচি দেয় এবং কতটা জনসমর্থন আদায় করতে পারে, সেটির উপরেও আওয়ামী লীগের রাজনৈতিক কৌশল অনেকাংশে নির্ভর করবে", বিবিসি বাংলাকে বলেন মিজ নাসরিন। (বিবিসি ওয়েব পেজ:৪.২.২৪ রিহাব)

## মিয়ানমার থেকে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিয়েছে ১৪ সীমান্তরক্ষী

বান্দরবানের তমব্রু সীমান্তের বিজিবি ক্যাম্পে মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর ১৪ জন সদস্য পালিয়ে আশ্রয় নিয়েছেন। তারা নাইক্ষ্যংছড়ি সীমান্তের ওপারে মিয়ানমারের বিদ্রোহী দল আরাকান আর্মির সঙ্গে সংঘর্ষের মধ্যে পালিয়ে এসেছেন। তাদের অস্ত্র ও গুলি বিজিবির কাছে জমা রাখা আছে। বান্দরবান সীমান্ত থেকে গোলাগুলির আওয়াজ এখনো আসছে। গত কয়েক সপ্তাহ ধরেই বাংলাদেশ ও ভারতের সীমান্ত সংলগ্ন এলাকায় যুদ্ধ জোরালো করেছে আরাকান আর্মিসহ কয়েকটি গোষ্ঠী। তারা সম্মিলিতভাবে মিয়ানমারের সামরিক বাহিনীর বিরুদ্ধে অভিযান শুরু করেছে। এর মধ্যেই কোন কোন সীমান্ত শহর দখল করে নিয়েছে।

বর্ডার গার্ড বাংলাদেশের বিজিবি ৩৪ ব্যাটেলিয়নের কমান্ডিং অফিসার লেফটেন্যান্ট কর্নেল আব্দুল্লাহ আল আশরোকি বাংলাদেশের ইংরেজি পত্রিকা ডেইলি স্টারকে বলেছেন, "মিয়ানমারে বিদ্রোহীদের সঙ্গে সেনাবাহিনীর সংঘর্ষ চলছে। এরমধ্যে কয়েকজন বিজিপি সদস্য বাংলাদেশে অনুপ্রবেশের চেষ্টা করলে তাদের উদ্ধার করে বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম বিওপিতে নিয়ে আসা হয়েছে। তাদের বিরুদ্ধে পরবর্তীতে আন্তর্জাতিক আইনে ব্যবস্থা নেওয়া হবে।"

নাইক্ষ্যংছড়ি উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ জাকারিয়া বিবিসি বাংলাকে বলেন, " এরইমধ্যে আজ তুমব্রুতে একজন আহত হয়েছেন। সেখানে পাঁচটি প্রাথমিক স্কুল ও একটি মাদ্রাসা বন্ধ রাখা হয়েছে"। ঘুমধুম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এ কে এম জাহাঙ্গীর আজিজ জানান, সকাল থেকেই খারাপ অবস্থা। সীমান্তের ওইপাশ থেকে গোলাগুলির শব্দ আসছে। শনিবার গুলির আঘাতে বান্দরবানের একটি সিএনজিতেও গুলি লাগে। তুমব্রুতে একজন আহত হয়েছে এবং বাইশফাঁড়ি সীমান্তের কাছে একজনের বাড়িতে গোলা পড়েছে।

মিয়ানমারের ভেতরে গত কয়েক সপ্তাহ যাবত চলা সংঘাতের প্রেক্ষাপটে বাংলাদেশের সীমান্ত ঘেঁষা এলাকায় আগেই সতর্কতা বাড়িয়েছে স্থানীয় কর্তৃপক্ষ। বাংলাদেশে কক্সবাজারের টেকনাফ এবং বান্দরবানের তুমব্রু সীমান্ত এলাকায় গত সপ্তাহ থেকে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত গোলাগুলি ও মর্টার শেল ছোঁড়ার শব্দ শুনছেন বলে বিবিসিকে জানিয়েছেন স্থানীয় কয়েকজন বাসিন্দা। সীমান্ত লাগোয়া বাংলাদেশের কয়েকটি বাড়িতে গুলি এসে পড়েছে বলেও জানাচ্ছেন তারা। মিয়ানমারে যেখানে এসব সংঘাত চলছে, তা বাংলাদেশের সীমান্তের খুব কাছে অবস্থিত হওয়ায় তুমব্রু ও টেকনাফ সীমান্তে এরই মধ্যে সতর্ক অবস্থানের কথা জানিয়েছে কক্সবাজার এবং বান্দরবানের জেলা প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনী। গত অক্টোবরে আরাকান আর্মি সামরিক বাহিনী বিরোধী সশস্ত্র জোট ব্রাদারহুড অ্যালায়েন্সের অংশ হিসেবে ব্যাপকতর লড়াইয়ে যোগ দেয়ার ঘোষণা দেয়। তারা ইতোমধ্যেই দেশজুড়ে বিদ্রোহী গোষ্ঠীগুলোর দৌরাত্ম্যে চাপে থাকা সেনাবাহিনীর ওপর সিরিজ আক্রমণ শুরু করে। এরপর গত ১১ সপ্তাহে চীনের সীমান্তবর্তী বিভিন্ন অংশে জোটের হাতে পর্যুদস্ত হয় মিয়ানমারের সামরিক বাহিনী। সর্বশেষ গত শনিবার দেশের আরেকপ্রান্তে ভারত-ঘেঁষা পালেতোয়া শহরের মিওয়া ঘাঁটির শেষ সেনাচৌকিটি দখলে নেয় আরাকান আর্মি। ২০২০ সালে একবার এই ঘাঁটিই ৪২ দিনের টানা লড়াইয়ের পর দখল করতে ব্যর্থ হয় তারা।

ইতিমধ্যে এসব এলাকা থেকে কয়েকশত মিয়ানমারের সৈনিক পালিয়ে ভারতে আশ্রয় নিয়েছে। তবে বাংলাদেশে প্রবেশের ঘটনা এবারই প্রথম ঘটলো। নাইক্ষ্যংছড়ির ঘুমধুম ইউনিয়নের তুমব্রু হেডম্যান পাড়া চাকমাপল্লীর অবস্থান সবচেয়ে কাছাকাছি। মিয়ানমার সীমান্তের কাঁটাতার ঘেঁষা এই পল্লীতে ২৭টি পরিবারের বসবাস। মিয়ানমারের চলমান ঘটনার প্রেক্ষাপটে এই পল্লীর বাসিন্দারা রাতে পালা করে জেগে থেকে পাহারা দিচ্ছেন। মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্তের দৈর্ঘ্য প্রায় ২৮৩ কিলোমিটার। এর বড় একটা অংশই পড়েছে কক্সবাজারের উখিয়া-টেকনাফ এবং বান্দরাবানের নাইক্ষ্যংছড়ি উপজেলায়। (বিবিসি ওয়েব পেজ: ০৪.০২.২০২৪ রিহাব)

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ধর্ষণের অভিযোগ, সর্বশেষ যা জানা যাচ্ছে

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে এক দম্পতিকে ডেকে এনে স্বামীকে আবাসিক হলে আটকে স্ত্রীকে ধর্ষণের অভিযোগে ক্যাম্পাসে বিক্ষোভ করছে শিক্ষার্থীরা। শনিবার রাত সাড়ে নয়টার দিকে বিশ্ববিদ্যালয়ের মীর মোশাররফ হোসেন হলের পাশের জঙ্গলে এ ধর্ষণের ঘটনা ঘটে। এরই মধ্যে এ ঘটনায় ভুক্তভোগীর স্বামী বাদী হয়ে ছয়জনের বিরুদ্ধে আশুলিয়া থানায় একটি গণধর্ষণের মামলা করার পর পুলিশ প্রধান অভিযুক্তসহ চারজনকে গ্রেপ্তার করেছে। প্রধান অভিযুক্ত মোস্তাফিজুর রহমান জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ছিলেন। তবে অভিযোগ ওঠার পর তাকে অব্যাহতি দেয়া হয়েছে বলে শাখা ছাত্রলীগ জানিয়েছে। ভুক্তভোগী নারীর স্বামী বিবিসি বাংলাকে বলেন, "তাদের বাড়ি আশুলিয়ায়। পূর্ব পরিচিত ব্যক্তি মামুন তার বাসায় বেশ কিছুদিন ছিলেন। শনিবার রাতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মামুন তাকে যেতে বলেন"। "সেখানে যাওয়ার পর মোস্তাফিজ নামে বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীর সাথে পরিচয় করিয়ে দেন। পরে বাসায় থাকা মামুনের কাপড়-চোপড় নিয়ে আসার জন্য আমার স্ত্রীকে অনুরোধ করা হয়। কারণ মামুন ক্যাম্পাসে মোস্তাফিজের কাছে কিছু দিন থাকবেন"। পরে তার স্ত্রী কাপড় নিয়ে ক্যাম্পাসে এলে সেগুলো মীর মোশাররফ হোসেন হলের 'এ' ব্লকের ৩১৭ নম্বর কক্ষে রেখে আসতে যায় মামুন। সেখানেই আটকে রাখা হয় ভুক্তভোগী নারীর স্বামীকে। "ওই রুম থেকে ফিরে এসে মামুন ও মোস্তাফিজ ভুক্তভোগী নারীকে বলে তার স্বামী অন্য দরজা দিয়ে আসবেন। তাদের সাথে সেখানে যেতে। পরে তাকে পাশের জঙ্গলে নিয়ে গিয়ে ধর্ষণ করে" বলে অভিযোগ করেন ভুক্তভোগী নারীর স্বামী। রাতেই ঘটনা জানাজানি হওয়ার পর মীর মশাররফ হোসেন হলের সামনে অর্ধশতাধিক শিক্ষার্থী অবস্থান করে বিক্ষোভ করেন। এ সময় তাঁরা 'ক্যাম্পাসে ধর্ষক কেন, প্রশাসন জবাব চাই'; 'ধর্ষণমুক্ত ক্যাম্পাস চাই'; 'ধর্ষকদের পাহারাদার, হুঁশিয়ার সাবধান' ইত্যাদি দাবিতে স্লোগান দেয়। এদিকে, রোববার দুপুরেও বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রেজিস্টার্ড ভবনের সামনে আবারো শিক্ষার্থীরা আন্দোলনে বসে। তাদের দাবি, বিশ্ববিদ্যালয় প্রশাসনকেও মামলা করতে হবে। বহিরাগত শিক্ষার্থীদের অবিলম্বে ক্যাম্পাস থেকে বের করার দাবিও জানিয়েছে শিক্ষার্থীরা। এ সময় আন্দোলনরত শিক্ষার্থীদের সাথে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরাও সংহতি প্রকাশ করে। এই ঘটনার তীব্র নিন্দা জানিয়ে ও শাস্তি দাবি করে এরই মধ্যে বিবৃতি দিয়েছে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। সমিতির ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপক সোহেল আহমেদ বিবিসি বাংলাকে বলেন, "আগে ঘটে যাওয়া নিপীড়ণের ঘটনার শাস্তি হলে এমন ঘটনা ঘটতো না। রাষ্ট্রীয় ও বিশ্ববিদ্যালয়ের আইনে যাতে জড়িতদের কঠোর শাস্তি হয় সে দাবি জানানো হয়েছে"। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর আ স ম ফিরোজ উল হাসানের দাবি, " এ ঘটনায় অভিযুক্ত মোস্তাফিজুর বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী। বছর দেড়েক আগে সে পাস করে গিয়েছে। কিন্তু সে হলেই থাকতো"।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ধর্ষণের মতো ঘটনা এবারই নতুন নয়। প্রায় দুই হাজার সাবেক শিক্ষার্থীরা এখনো হলগুলোতে অবস্থান করছে বলে গণমাধ্যমে খবর বেরিয়েছে। কেন বিশ্ববিদ্যালয় প্রশাসন এ ধরনের সমস্যা রোধ করতে পারছে না? এমন প্রশ্নে প্রক্টর জানান, "ক্যাম্পাসটা অনেক বড়। প্রত্যেকটা স্পটে প্রশাসনের থাকা সম্ভব না। বর্তমান শিক্ষার্থীরা এ ধরনের ঘটনা ঘটাতে সাহস পেতো না। সাবেক শিক্ষার্থীরা এখনো হলে রয়ে গেছে। ফলে এ ধরনের সংকট তৈরি হয়। তাদের বের করার জন্য ইতোমধ্যেই প্রক্টরিয়াল টিম তাদের বিরুদ্ধে অভিযান চালাচ্ছে। যাতে এ ধরনের ঘটনা ঘটাতে আর কেউ সাহস না পায়। এ ঘটনা কোনভাবেই বিশ্ববিদ্যালয়ের জন্য কোনভাবেই প্রত্যাশিত ঘটনা নয়" বলে জানান তিনি।

"বিকেলে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট বৈঠক রয়েছে। সেখানে কোন সিদ্ধান্ত আসতে পারে" বলে জানান মি. হাসান। ঢাকা জেলা উত্তরের অতিরিক্ত পুলিশ সুপার মো. আব্দুল্লাহিল কাফি বিবিসি বাংলাকে জানিয়েছেন, "এই ঘটনার প্রধান আসামি মোস্তাফিজসহ চারজনকে এরই মধ্যে গ্রেপ্তার করা হয়েছে। পলাতক দুইজনকে গ্রেপ্তারে অভিযান চলছে"। মামলার প্রধান আসামি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ৪৫তম ব্যাচের শিক্ষার্থী মোস্তাফিজুর রহমান ও বহিরাগত যুবক মামুন। আবদুল্লাহিল কাফি জানিয়েছেন, এই ঘটনা জানার পর সাভার মডেল থানা ও আশুলিয়া থানার পুলিশ যৌথভাবে তদন্ত শুরু করে। অভিযুক্তদের পালিয়ে যাওয়ায় সহায়তা করার অভিযোগে প্রথমে ক্যাম্পাস থেকে তিনজনকে আটক করা হয়। রোববার ভোরে সাভার থেকে মূল অভিযুক্ত মোস্তাফিজুর রহমানকে আটক করা হয়। পালিয়ে থাকা আরও দুজনকে গ্রেপ্তারে অভিযান চলছে বলে পুলিশ জানিয়েছে। মোস্তাফিজ মীর মশাররফ হোসেন হলের সাবেক শিক্ষার্থী ও বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক। এ ঘটনায় ওই নেতাকে বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ।

গত ৩১শে জানুয়ারি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞান অনুষদের একটি বিভাগের অধ্যাপকের বিরুদ্ধে ধর্ষণ-চেষ্টার অভিযোগ আনে ওই বিভাগেরই এক ছাত্রী। লিখিতভাবে উপাচার্যের কাছে ওই অধ্যাপক সম্পর্কে যৌন হয়রানি, যৌন নিপীড়ন ও ধর্ষণ-চেষ্টার অভিযোগ করেছিলো ওই ছাত্রী। বাংলাদেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এ ধরণের ঘটনা নতুন নয়। ১৯৯৮ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ক্ষমতাসীন দলের ছাত্রনেতাদের হাতে বেশ কয়েকটি ধর্ষণের ঘটনা ঘটে। এর প্রতিবাদে সে সময় বড় রকমের আন্দোলন হয়েছিল ক্যাম্পাসে। প্রায় একই সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়েও ঘটেছিল ছাত্রী নিপীড়নের ঘটনা। এই দুটি ঘটনার প্রেক্ষাপটে সে সময় শিক্ষার্থীদের প্রতিবাদের মুখে বিশ্ববিদ্যালয়সহ সব ধরনের শিক্ষাপ্রতিষ্ঠানে যৌন নিপীড়ন প্রতিরোধ কমিটি তৈরির ব্যাপারে জনমত গড়ে ওঠে। এ অবস্থায় ২০০৮ সালে বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতি এক রিট আবেদন করে। পরের বছর ২০০৯ সালে হাইকোর্ট কর্মস্থলে এবং শিক্ষাপ্রতিষ্ঠানে যৌন হয়রানি বন্ধে প্রতিটি প্রতিষ্ঠানে কমিটি গঠন করাসহ বিভিন্ন ব্যবস্থা নেয়ার নির্দেশনা দিয়েছিল। (বিবিসি ওয়েব পেজ: ০৪.০২.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### মূল্যায়ন পদ্ধতি ও কারিকুলাম সমন্বয়ে কমিটি গঠন করবে বাংলাদেশের শিক্ষা মন্ত্রণালয়

মূল্যায়ন পদ্ধতি ও নতুন কারিকুলাম সংক্রান্ত একটি সমন্বয় কমিটি গঠন করার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশের শিক্ষা মন্ত্রণালয়। রবিবার (৪ ফেব্রুয়ারি) শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরীর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে, কারিকুলাম এবং পাঠ্যপুস্তক বিতরণ ও মানোন্নয়ন সংক্রান্ত পর্যালোচনা সভায় এ কমিটি গঠনের সিদ্ধান্ত হয়। সিদ্ধান্ত অনুযায়ী, শিক্ষা মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিব মূল্যায়ন পদ্ধতি ও কারিকুলাম সংক্রান্ত সমন্বয় কমিটির প্রধান হিসেবে কাজ করবেন। সদস্য হবেন, এনসিটিবির প্রতিনিধি, মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন অধিদপ্তরের প্রতিনিধি, বোর্ডসমূহের প্রতিনিধিগণ। সভায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব সোলেমান খান, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সচিব ড. ফরিদ উদ্দিন আহমদ এবং সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থার কর্মকর্তা উপস্থিত ছিলেন।

(ভোয়া ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ এলিনা)

### সাগর-রুনির হত্যাকারীদের ধরা হবে, বিচার হারিয়ে যাবে না : আইনমন্ত্রী

বাংলাদেশের আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন যে সাংবাদিক দম্পতি সাগর-রুনি হত্যার বিচার সম্পন্ন করতে যেসব পদক্ষেপ নেয়া দরকার, সরকার তা নেবে। রবিবার (৪ ফেব্রুয়ারি) সহকারী জজ ও সমপর্যায়ের বিচারবিভাগীয় কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠানের উদ্বোধন শেষে, সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা জানান তিনি। আনিসুল হক বলেন, "আমি দ্ব্যর্থহীন ভাষায় বলতে চাই, সাগর-রুনির হত্যাকারীদের ধরা হবে। হত্যার বিচার হারিয়ে যাবে না। এ হত্যাকাণ্ডের বিচার হবে, যে পদক্ষেপ সরকারের নেয়া উচিত সেটা সরকার নেবে।"সাংবাদিকরা প্রশ্ন করেন, সাগর-রুনি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন দিতে র‍্যাব ব্যর্থ কি না এবং এই তদন্ত সংস্থা পরিবর্তন করা হবে কি না? জবাবে আনিসুল হক বলেন, "র‍্যাব তদন্তে ব্যর্থ সেটা বলবো না। তবে, তদন্তের প্রয়োজনে, পরিবর্তন দরকার হলে সেটাও করবো। ঘটনা যেভাবে ঘটেছে, যে কোনো সংস্থার জন্য এটা একটু কঠিন।"সাগর-রুনির মৃত্যুবার্ষিকী ১২ ফেব্রুয়ারি। এখনো বিচার না হওয়ায় পরিবারের হতাশা প্রকাশ করেছে; এ প্রসঙ্গে আইনমন্ত্রী বলেন, "বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের পর আমাদেরও হতাশা ছিলো। তিনি বলেন, "কারণ হত্যার পর ইনডেমনিটি

অধ্যাদেশ জারি করা হয়েছিলো। কিন্তু প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় এসে বিচারকার্য শেষ করেছেন। এরপর যুদ্ধাপরাধীদের বিচারও করেছেন। বিচারহীনতার সংস্কৃতি এখন আর নেই।" অন্য এক প্রশ্নের জবাবে আইনমন্ত্রী বলেন, নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসকে অহেতুক গ্রেপ্তার বা কারাগারে পাঠানোর কোনো পরিকল্পনা সরকারের নেই। তবে আদালত ড. ইউনূসের বিরুদ্ধে যে রায় দেবেন তা বাস্তবায়ন করার দায়িত্ব সরকারের সংশ্লিষ্টদের বলে জানান আইনমন্ত্রী আনিসুল হক।

উল্লেখ্য, ২০২১ সালের ১০ ডিসেম্বর মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে র‍্যাবের সাবেক ও বর্তমান সাত কর্মকর্তার ওপর নিষেধাজ্ঞা দেয় যুক্তরাষ্ট্র। দেশটির ট্রেজারি ডিপার্টমেন্ট ও পররাষ্ট্র দপ্তর পৃথকভাবে এই নিষেধাজ্ঞা দেয়। এই কর্মকর্তাদের মধ্যে র‍্যাবের সাবেক মহাপরিচালক ও বাংলাদেশ পুলিশের সাবেক আইজি বেনজীর আহমেদ, র‍্যাবের সাবেক মহাপরিচালক ও বাংলাদেশ পুলিশের বর্তমান আইজি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) খান মোহাম্মদ আজাদ, সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) তোফায়েল মোস্তাফা সরোয়ার, সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) মো. জাহাঙ্গীর আলম ও সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) মো. আনোয়ার লতিফ খানের ওপর নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাষ্ট্রের ট্রেজারি ডিপার্টমেন্ট। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর পৃথক এক ঘোষণায় বেনজীর আহমেদ এবং র‍্যাব ৭–এর সাবেক অধিনায়ক মিফতাহ উদ্দীন আহমেদের ওপর নিষেধাজ্ঞা দিয়েছে। যুক্তরাষ্ট্রের ট্রেজারি বিভাগের প্রকাশিত বিবৃতিতে বলা হয়েছে, বাংলাদেশে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), মাদক দ্রব্যের বিরুদ্ধে সরকারের লড়াইয়ে গুরুতর মানবাধিকার লঙ্ঘনের জন্য অভিযুক্ত। এতে বলা হয়েছে যে, তারা আইনের শাসন, মানবাধিকারের মর্যাদা ও মৌলিক স্বাধীনতা এবং বাংলাদেশের জনগণের অর্থনৈতিক সমৃদ্ধিকে ক্ষুণ্ণ করে। এটি যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা স্বার্থের বিরুদ্ধে হুমকি হয়ে দাঁড়িয়েছে। র‍্যাব হচ্ছে ২০০৪ সালে গঠিত একটি সম্মিলিত টাস্ক ফোর্স। তাদের কাজের মধ্যে রয়েছে অভ্যন্তরীণ নিরাপত্তা নিশ্চিত করা, অপরাধীদের কর্মকান্ড সম্পর্কে গোপন তথ্য সংগ্রহ এবং সরকারের নির্দেশে তদন্ত পরিচালনা করা। বিবৃতিতে আরো বলা হয়, বাংলাদেশের বেসরকারি প্রতিষ্ঠানগুলো বা এনজিওদের অভিযোগ হচ্ছে যে, র‍্যাব ও বাংলাদেশের অন্য আইন প্রয়োগকারী সংস্থা, ২০০৯ সাল থেকে ৬০০ ব্যক্তির গুম হয়ে যাওয়া এবং ২০১৮ সাল থেকে বিচার বহির্ভূত হত্যা ও নির্যাতনের জন্য দায়ী। কোনো কোনো প্রতিবেদনে বলা হয়েছে যে, এই সব ঘটনার শিকার হচ্ছে বিরোধী দলের সদস্য, সাংবাদিক ও মানবাধিকার কর্মীরা।(ভোয়া ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ এলিনা)

## মিয়ানমার সীমান্তে সংঘর্ষ, ৩৮ বিজিপি সদস্য আশ্রয় নিয়েছে বাংলাদেশে

মিয়ানমারের অভ্যন্তরে সীমান্তরক্ষী বাহিনী ও বিদ্রোহীদের মধ্যে চলমান সংঘর্ষের জের ধরে বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার সীমান্তবর্তী ঘুনধুম ইউনিয়নের ৫টি প্রাথমিক বিদ্যালয়, একটি মাধ্যমিক বিদ্যালয় এবং একটি মাদরাসা বন্ধ ঘোষণা করা হয়েছে। রবিবার (৪ ফেব্রয়ারি) নাইক্ষ্যংছড়ি উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) শান্তনু কুমার দাশ সাংবাদিকদের এই তথ্য জানান। বিদ্যালয়গুলো হলো; তমরু সরকারি প্রাথমিক বিদ্যালয়, ভাজা বুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, বাইশ ফাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়, তমরু পশ্চিম সরকারি প্রাথমিক বিদ্যালয়, দক্ষিণ ঘুমধুম সরকারি প্রাথমিক বিদ্যালয়, ঘুমধুম উচ্চ বিদ্যালয় এবং মিশকাতুল নবী দাখিল মাদরাসা। নাইক্ষ্যংছড়ি উপজেলা শিক্ষা কর্মকর্তা ত্রিরতন চাকমা জানান, প্রাণভয়ে এলাকাবাসী নিরাপদ আশ্রয়ে সরে যাওয়ায় স্কুলগুলো শিক্ষার্থীশূন্য হয়ে পড়েছে। এদিকে, কয়েকটি ওয়াকিফহাল সূত্র জানিয়েছে, বাংলাদেশ মিয়ানমার সীমান্তের কাছে, তুমব্রু রাইট ক্যাম্প ও ডেকুবুনিয়া ক্যাম্পের কাছাকাছি এলাকায়, বিদ্রোহী আরাকার আর্মি এবং মিয়ানমারের সরকারি বাহিনীর মধ্যে গুলি বিনিময় হয় এবং বোমা বর্ষণের ঘটনা ঘটে। শনিবার(৩ ফেব্রয়ারি) দিবাগত রাত ৩টা থেকে রবিবার (৪ ফেব্রয়ারি) বিকেল পর্যন্ত বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম ও তুমব্রু সীমান্তে থেমে থেমে গুলি ও বোমা বর্ষণ হয়েছে। বেশ কয়েকটি গুলি ও মর্টার শেল এসে পড়েছে বাংলাদেশের ভূখণ্ডে; তুমব্রু কোনার পাড়া, মাঝের পাড়া ও বাজার পাড়ায়। এর ফলে, আতঙ্কে ঘর ছেড়েছে ৩ গ্রামের মানুষ। এ ঘটনায় আহত হয়েছেন অন্তত ৩ জন। এসময় কোনার পাড়ার কয়েকটি ঘর-বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। আহতদের মধ্যে রয়েছেন; কোনার পাড়ার বাসিন্দা প্রবীন্দ্র ধর (৫০) তার বাবা জোতিষ্ট ধর এবং রহমা বেগম (৪০)। এছাড়া, কোনার পাড়ার আমির হোসেনের ছেলে শামশুল আলম কে কুতুপালং শরনার্থী শিবিরের হাসপাতালে চিকিৎসা দেয়া হচ্ছে। বিদ্রোহী গ্রুপ আরকান আর্মির ব্যাপক গুলি বর্ষণের সামনে টিকতে না পেরে মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ বিজিপি'র কমপক্ষে ৩৭ জন সদস্য বাংলাদেশের ভূখণ্ডে আশ্রয় নিয়েছে। তারা তুমব্রু বিজিবি ক্যাম্পে আশ্রয় নিয়েছে। সীমান্ত পার হয়ে আরো অন্তত ৩০ জন বিজিপি সদস্য বাংলাদেশে ঢোকার জন্য অপেক্ষা করছে বলে জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা। শনিবার রাত ৩ টা থেকে ব্যাপক গুলি বর্ষনের পাশাপাশি, মর্টার শেল নিক্ষেপ ও মিয়ানমার সেনাবাহিনীর যুদ্ধ হেলিকপ্টার থেকে গোলা বর্ষন করা হয়। এতে বাংলাদেশের সীমান্ত এলাকার বাজার ঘাট বন্ধ হয়ে যায়।

মিয়ানমারের তুমব্রু রাইট ক্যাম্পের চার পাশে বিদ্রোহী গ্রুপ আরকান আর্মি ঘিরে রেখেছে এবং বর্ডার অবজারভেশন পোষ্ট আরকান আর্মি দখলে নিয়েছে বলেও বিভিন্ন সূত্র জানিয়েছে। ঘুমধুম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর আজিজ জানিয়েছেন, মিয়ানমারের বিজিপি বাহিনীর কিছু সদস্য তুমব্রু সীমান্ত অতিক্রম করে বাংলাদেশে আশ্রয় নিয়েছে। অপ্রীতিকর ঘটনা এড়াতে সীমান্ত লাগুয়া স্কুলগুলো সাময়িকভাবে বন্ধ রাখার নির্দেশনা দেয়া হয়েছে। এদিকে

বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি নিরাপত্তা বাড়িয়েছে সীমান্তে। নিরাপত্তা চৌকিগুলোতে সদস্য সংখ্যা বাড়ানো হয়েছে; টহল বৃদ্ধি করা হয়েছে। সর্বোচ্চ সতর্ক অবস্থায় রয়েছে বিজিবি। বান্দরবানের জেলা প্রশাসক শাহ মুজাহিদ উদ্দিন জানিয়েছেন, সীমান্তে যাতে অপ্রীতিকর ঘটনা না ঘটে, সেজন্য সর্বোচ্চ ব্যবস্থা নেয়া হয়েছে প্রশাসনের পক্ষ থেকে। স্থানীয় জনপ্রতিনিধি ও প্রশাসনের কর্মকর্তাদের সীমান্তের দিকে নজর রাখতে পরামর্শ দেয়া হয়েছে বলেও জানান তিনি। উল্লেখ্য, মিয়ানমারের বিচ্ছিন্নতাবাদী সংগঠন আরাকান আর্মির সাথে সে দেশের সেনাবাহিনীর মধ্যে তুমুল সংঘর্ষ শুরু হয় কয়েক সপ্তাহ আগে। এ সংঘর্ষের জের ধরে গত এক সপ্তাহের বেশি সময় ধরে বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম ও তুমব্রু সীমান্তেও উত্তেজনা চলছে। বিদ্রোহীরা দখল করে নিয়েছে মিয়ানমার নিরাপত্তা বাহিনীর তুমব্রু ক্যাম্পটি। বর্তমানে সীমান্তে উত্তেজনা বিরাজমান। মানুষ ঘরবাড়ি ছেড়ে নিরাপদ আশ্রয় নিয়েছে আত্মীয় স্বজনের বাড়িতে। স্থানীয় ইউপি সদস্য দীল মোহাম্মদ জানান ৩ গ্রামের হাজারো মানুষ গত রাত (৩ ফেব্রয়ারি) থেকে বসতবাড়ি ছেড়ে অন্যত্র আশ্রয় নিয়েছে।(ভোয়া ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ এলিনা)

## ইন্দো-প্যাসিফিক বিষয়ে অভিন্ন দৃষ্টিভঙ্গিতে অশিংদারিত্বের প্রতিশ্রুতি

অর্থনৈতিক লক্ষ্য অর্জনে একযোগে কাজ করার আগ্রহ প্রকাশ করে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চিঠি দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন। এছাড়া, ইন্দো-প্যাসিফিক বিষয়ে অভিন্ন দৃষ্টিভঙ্গিতে দুই দেশের অশিংদারিত্বের প্রতিশ্রুতি দেন বাইডেন। ঢাকায় অবস্থিত যুক্তরাষ্ট্রের দূতাবাস চিঠিটি বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়কে দিয়েছে বলে রবিবার (৪ ফেব্রয়ারি) জানিয়েছে পরাষ্ট্রমন্ত্রণালয়। চিঠিতে, একটি অবাধ ও উন্মুক্ত ইন্দো-প্যাসিফিক অঞ্চলের জন্য অভিন্ন দৃষ্টিভঙ্গিতে বাংলাদেশের অংশীদার হওয়ার আগ্রহ প্রকাশ করেন প্রেসিডেন্ট জো বাইডেন। বাইডেন তার চিঠিতে বলেন, “যুক্তরাষ্ট্র বাংলাদেশের উচ্চাভিলাসী অর্থনৈতিক লক্ষ্যগুলোতে সমর্থন করে যুক্তরাষ্ট্র। একই সঙ্গে, একটি অবাধ ও উন্মুক্ত ইন্দো-প্যাসিফিক অঞ্চলের জন্য আমাদের অভিন্ন দৃষ্টিভঙ্গি নিয়ে বাংলাদেশের সঙ্গে অংশীদার হতে প্রতিশ্রুতিবদ্ধ।” যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট বলেন, “দুই দেশ, যুক্তরাষ্ট্র ও বাংলাদেশ অংশীদারিত্বের পরবর্তী অধ্যায়ে প্রবেশ করতে যাচ্ছে।” আঞ্চলিক ও বৈশ্বিক নিরাপত্তা, অর্থনৈতিক উন্নয়ন, জলবায়ু পরিবর্তন ও জ্বালানি, বৈশ্বিক স্বাস্থ্য, মানবিক সহায়তা, বিশেষ করে রোহিঙ্গা শরণার্থীদের জন্য সহায়তা এবং আরো অনেক বিষয়ে কাজ অব্যাহত রাখার আন্তরিক আকাঙ্ক্ষার কথা উল্লেখ করেন তিনি। প্রেসিডেন্ট বাইডেন লিখেছেন, “সমস্যা সমাধানে আমাদের একসঙ্গে কাজ করার দীর্ঘ ও সফল ইতিহাস রয়েছে। আর দুই দেশের জনগণের সঙ্গে জনগণের শক্তিশালী বন্ধনই এই সম্পর্কের ভিত্তি।”(ভোয়া ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ এলিনা)

## বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র পরিবেশ সুরক্ষায় এক সঙ্গে কাজ করবে : সাবের হোসেন চৌধুরী

বাংলাদেশের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী সাবের হোসেন চৌধুরী বলেছেন, পরিবেশ সুরক্ষা ও জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র একসঙ্গে কাজ করবে। বিবার (৪ ফেব্রুয়ারি) বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার হাস বাংলাদেশ সচিবালয়ে সাবের হোসেন চৌধুরীর সঙ্গে দেখা করেন। পরে সাবের হোসেন সাংবাদিকদের এ কথা বলেন। বাংলাদেশের পরিবেশমন্ত্রী বলেন, “ভবিষ্যতে আমরা কীভাবে আমাদের দ্বিপক্ষীয় সম্পর্ককে আরো এগিয়ে নিতে পারি, তা নিয়ে আলোচনা করেছি। আজকের বৈঠক, আমাদের অংশীদারিত্বকে সুদৃঢ় করতে এবং সহযোগিতার জন্য নতুন উপায় অন্বেষণের জন্য একটি ফলপ্রসূ পদক্ষেপ।” রাষ্ট্রদূত হাস বলেন, “কিছু বিষয়ে মতপার্থক্য থাকলেও, জলবায়ু পরিবর্তন মোকাবেলাসহ অন্যান্য বিষয়ে যুক্তরাষ্ট্র বাংলাদেশের সঙ্গে কাজ করে যাবে। আমরা বাংলাদেশের জলবায়ু লক্ষ্যগুলোকে সমর্থন করার জন্য আমাদের অংশীদারিত্ব শক্তিশালী করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা আমাদের উভয় দেশের জন্য আরো জলবায়ু-সহনশীল ভবিষ্যৎ গড়ে তুলতে একসঙ্গে কাজ করে যাবো।” রাষ্ট্রদূত হাস ও পরিবেশমন্ত্রী সাবের উভয়েই গ্রিনহাউস গ্যাস নির্গমন কমাতে এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবের সঙ্গে খাপ খাইয়ে নিতে, বাংলাদেশের সক্ষমতা বৃদ্ধির জন্য সহযোগিতামূলক উদ্যোগ বাড়ানোর গুরুত্বের ওপর জোর দেন।(ভোয়া ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ এলিনা)

## রাঙ্গামাটিতে ইউপিডিএফ-এর ২ সদস্যকে গুলি করে হত্যা

বাংলাদেশের পার্বত্য রাঙ্গামাটি জেলার বাঘাইছড়ি উপজেলায় গুলিতে দুই ব্যক্তি নিহত হয়েছেন। রবিবার (৪ ফেব্রুয়ারি) দুপুর ২টার দিকে এই ঘটনা ঘটে বলে নিশ্চিত করেছে সাজেক থানার পুলিশ। বন্দুকধারী ব্যক্তিরা বাঘাইছরি উপসাজেক ইউনিয়নের মাচালং ব্রিজ পাড়ায় এ হত্যাকাণ্ড ঘটায়। নিহত দীপায়ন চাকমা (৩৮) ও আশিষ চাকমা (৪৫) ইউপিডিএফ প্রসিত গ্রুপের সদস্য বলে জানা গেছে। ইউপিডিএফ দাবি করেছে, জেএসএস সন্তু লারমা গ্রপের লোকজন এই হত্যার সঙ্গে জড়িত। ইউপিডিএফের অভিযোগ অস্বীকার করেছেন জেএসএস সন্তু লারমা গ্রুপের সাংগঠনিক সম্পাদক ত্রিদিপ চাকমা। তিনি বলেন, সাজেক এলাকায় জেএসএসের কোনো সাংগঠনিক কার্যক্রম নেই। ইউপিডিএফের অভিযোগ ভিত্তিহীন বলে উল্লেখ করেন তিনি। সাজেক পুলিশ সার্কেল এএসপি ও রাঙ্গামাটির সিনিয়র সহকারী পুলিশ সুপার আবদুল আওয়াল জানান, অজ্ঞাত সন্ত্রাসীদের গুলিতে দুইজন নিহত হয়েছে। রাঙ্গামাটি জেলার পুলিশ সুপার মীর আবু তৌহিদ জানান, বাঘাইছড়ির মাচালং এলাকায় দুইজন নিহত হয়েছে। এ ঘটনায় মামলা দায়ের করবে পুলিশ।
(ভোয়া ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ এলিনা)

## ড. ইউনূসের সাজা স্থগিত করে দেয়া আদেশের বিরুদ্ধে হাইকোর্টে আবেদন

শ্রম আইন লঙ্ঘনের মামলায়, গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান ও নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মোহাম্মদ ইউনূসের ৬ মাসের সাজার কার্যকারিতার ওপর, বাংলাদেশের শ্রম আপিল ট্রাইব্যুনালের দেয়া স্থগিত আদেশের বিরুদ্ধে হাইকোর্টে আবেদন করেছে কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তর। আবেদনে, আদালতের অনুমতি ছাড়া ড. ইউনূস যেন বিদেশে যেতে না পারেন সে আদেশও চাওয়া হয়েছে। মামলার বাদী, কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তরের পক্ষে সিনিয়র আইনজীবী খুরশিদ আলম খান রবিবার (৪ ফেব্রয়ারি) হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এই আবেদন করেন। এর আগে, শ্রম আইন লঙ্ঘনের মামলায় আপিল করে জামিন চাইলে ২৮ জানুয়ারি ড. মুহাম্মদ ইউনূস-সহ চারজনকে জামিন দেন শ্রম আপিল ট্রাইব্যুনাল। একই সঙ্গে, শ্রম আদালতের দেয়া সাজা স্থগিত করেন শ্রম আপিল ট্রাইব্যুনালের চেয়ারম্যান এম এ আউয়াল। আর, আপিল শুনানির জন্য আগামী ৩ মার্চ তারিখ ধার্য করে ট্রাইব্যুনাল। এই মামলায় গত ১ জানুয়ারি ড. ইউনূসসহ চারজনকে ছয় মাস করে কারাদণ্ড দেয় ঢাকার তৃতীয় শ্রম আদালতের বিচারক বেগম শেখ মেরিনা সুলতানা। একই সঙ্গে প্রত্যেককে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। সাজাপ্রাপ্ত অন্য তিনজন হলেন; গ্রামীণ টেলিকমের সাবেক ব্যবস্থাপনা পরিচালক (এমডি) আশরাফুল হাসান, পরিচালক নুর জাহান বেগম ও মো. শাহজাহান। গত ২০২১ সালের ১ সেপ্টেম্বর ড. ইউনূসসহ চারজনের বিরুদ্ধে শ্রম ট্রাইব্যুনালে এই মামলা দায়ের করা হয়। মামলায় অভিযোগ আনা হয়, শ্রম আইন ২০০৬ ও শ্রম বিধিমালা ২০১৫ অনুযায়ী, গ্রামীণ টেলিকমের শ্রমিক বা কর্মচারীদের শিক্ষানবিশকাল পার হলেও, তাদের নিয়োগ স্থায়ী করা হয়নি। প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক বা কর্মচারীদের মজুরিসহ বার্ষিক ছুটি, ছুটি নগদায়ন ও ছুটির বিপরীতে নগদ অর্থ দেয়া হয়নি। গ্রামীণ টেলিকমে শ্রমিক অংশগ্রহণ তহবিল ও কল্যাণ তহবিল গঠন করা হয়নি। লভ্যাংশের ৫ শতাংশের সমপরিমাণ অর্থ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন আইন অনুযায়ী গঠিত তহবিলে জমা দেয়া হয়নি।

ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে মামলা ও রায়ের প্রতিক্রিয়ায় ১২৫ জন নোবেল বিজয়ীসহ ২৪২ জন বিশ্বনেতা বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে একটি খোলা চিঠি দিয়েছেন। সোমবার (২৯ জানুয়ারি) ওয়াশিংটন পোস্টে এই বিবৃতি প্রকাশিত হয়েছে। বিশিষ্ট ব্যক্তিরা ড. ইউনূসের বিরুদ্ধে দায়ের করা মামলার পর্যালোচনার জন্য বাংলাদেশে একটি বিশেষজ্ঞ দল পাঠানোর প্রস্তাব দেন। ড. ইউনূসের বিরুদ্ধে দায়ের করা মামলা ঘিরে এ নিয়ে তৃতীয় দফায় প্রধানমন্ত্রীকে খোলা চিঠি পাঠালেন বিশ্বের নেতৃত্বস্থানীয় ব্যক্তিরা। শ্রম আইন লঙ্ঘনের মামলায় ড. ইউনূস ও গ্রামীণ টেলিকমের তিন কর্মকর্তার বিরুদ্ধে ১ জানুয়ারি আদালতের রায়ের প্রতিক্রিয়ায় এই চিঠি লেখা হয়েছে। চিঠিতে বলা হয়, ড. ইউনূসকে হয়রানি নিয়ে দ্বিতীয় দফার খোলা চিঠিতে ১০৮ নোবেলজয়ীসহ বিশ্বের ১৯০ জনের বেশি নেতৃত্বস্থানীয় ব্যক্তি স্বাক্ষর করেছিলেন। এরপর ২০২৩ সালের অগাস্টে এক সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা চিঠিতে স্বাক্ষরকারীদের প্রতি বিষয়টি খতিয়ে দেখতে আইনজীবী ও বিশেষজ্ঞ পাঠানোর আহ্বান জানিয়েছিলেন। তখন শেখ হাসিনা বলেছিলেন, "যার বিরুদ্ধে মামলা, তার সব দলিল-দস্তাবেজ তারা খতিয়ে দেখুক। সেখানে কোনো অন্যায় আছে কি-না, তারা নিজেরাই দেখুক। তাদের এসে দেখা দরকার, কী কী অসামঞ্জস্য আছে।" সর্বশেষ চিঠিতে বিশিষ্ট ব্যক্তিরা বলেছেন, "আমরা আপনার (শেখ হাসিনা) ওই আমন্ত্রণ গ্রহণ করেছি। (বিশেষজ্ঞ ও আইনজীবীদের) এই পর্যালোচনা শুধু ১ জানুয়ারি রায় হওয়া শ্রম আইন লঙ্ঘনের মামলা ঘিরে করলেই হবে না। দুর্নীতি দমন কমিশনের (দুদক) করা মামলাটি ঘিরেও করতে হবে।" চিঠিতে আরও বলা হয়, "এই পর্যালোচনার জন্য একজন জ্যেষ্ঠ আন্তর্জাতিক আইনজীবীর নেতৃত্বে স্বাধীন আইন বিশেষজ্ঞদের একটি দল পাঠানোর প্রস্তাব দিচ্ছি। আমরা দ্রুতই এটা শুরু করতে চাই। একই সঙ্গে পর্যালোচনা চলাকালে ড. ইউনূস ও তার সহকর্মীদের বিরুদ্ধে কারাদণ্ডের রায় স্থগিত রাখার আহ্বান জানাচ্ছি।"

নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে সরকার মিথ্যা মামলা দিয়ে হয়রানি করছে না বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক। বৃহস্পতিবার (১ ফেব্রুয়ারি) সচিবালয়ে সমসাময়িক বিষয় নিয়ে সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান। আনিসুল হক বলেন, "ড. মুহাম্মদ ইউনূসকে হয়রানি করার জন্য সরকার কিছু করছে না। তার বিরুদ্ধে কোনো মিথ্যা মামলা দিয়ে হয়রানি করছে না। যে মামলা হয়েছে, সেটা শ্রমিকেরা করেছিলো, তারপর শ্রমিকদের অধিকার সুরক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত অধিদপ্তর তার বিরুদ্ধে একটা মামলা করেছে। আমি কেবল বলবো, দেশ আমাদের সবার। নির্বাহী, আইনসভা কিংবা বিচার বিভাগ সব বিষয়ে দেশের অর্জনই দেশের মানুষের।" আনিসুল হক বলেন, "অকাট্য প্রমাণ থাকার পরও বিদেশে ছড়ানো হচ্ছে; তার (ড. ইউনূস) বিরুদ্ধে সব অভিযোগ মিথ্যা। আরো বলা হচ্ছে আমরা তাকে হয়রানির জন্য এটা করছি।"(ভোয়া ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ এলিনা)

## আখেরি মোনাজাতে শেষ হলো বিশ্ব ইজতেমার প্রথম পর্ব

আখেরি মোনাজাতের মধ্য দিয়ে রবিবার (৪ ফেব্রুয়ারি) শেষ হয়েছে ৫৭তম বিশ্ব ইজতেমার প্রথম পর্ব। মোনাজাতে বিশ্ব শান্তি এবং মুসলিম উম্মাহর সমৃদ্ধি কামনা করে দোয়া করা হয়। মোনাজাত পরিচালনা করেন বাংলাদেশ তাবলিগ জামাতের নেতা ও ঢাকার কাকরাইল জামে মসজিদের প্রধান ইমাম মাওলানা হাফেজ জোবায়ের আহমেদ। লাখ লাখ মুসল্লি মহান আল্লাহর কাছে বিশ্ব শান্তি এবং মুসলিম উম্মাহর শান্তি ও সমৃদ্ধির জন্য রহমত কামনা করেন। তারা দেশের মঙ্গল কামনা করে দোয়া করেন। ফজরের নামাজের পর পাকিস্তানের মাওলানা জিয়াউল হক আম বয়ান (সাধারণ

আলোচনা) করেন। তার বক্তব্যের বাংলা অনুবাদ করেন বাংলাদেশের মাওলানা নুরুল রহমান। এর আগে, গাজীপুরের টঙ্গীর তুরাগ তীরে শুক্রবার (২ ফেব্রুয়ারি) ফজর নামাজের পর পাকিস্তানের মাওলানা আহমদ বাটলার আমবয়ানের মধ্য দিয়ে শুরু হয় ৫৭তম বিশ্ব ইজতেমার প্রথম পর্ব। দেশ-বিদেশের লাখ লাখ মুসল্লি সমবেত হয় ইজতেমা ময়দানসহ আশপাশের এলাকায়। এই পর্বে ভারত,পাকিস্তান, আফগানিস্তান, নেপাল, ভুটান, সৌদি আরব, কুয়েত, ইউরোপ, আমেরিকা ও আফ্রিকার বিভিন্ন দেশ থেকে সহস্রাধিক মুসল্লি ইজতেমায় যোগ দেন। বিশ্ব ইজতেমার প্রথম পর্বে শনিবার রাতে আরো ৪ জন মুসল্লি মারা গেছেন। এ নিয়ে এই পর্বে মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ১৪ জনে। মৃত ব্যক্তিরা হলেন; রাজবাড়ী জেলা পাংশা থানার মো. সানোয়ার, চট্টগ্রাম জেলার আনোয়ারা থানার মো. আলম, নরসিংদী জেলার মো. শাহনেওয়াজ ভূঁইয়া ও সিরাজগঞ্জ জেলার আল মাহমুদ। এবারের ইজতেমার দ্বিতীয় দিন সকাল পর্যন্ত একজন পুলিশ সদস্যসহ দশ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে ইজতেমা ময়দানে ৭ জন, ময়দানে আসার পথে একজন পুলিশ সদস্যসহ তিনজন নিয়ে মোট ১০ জন মারা গেছেন। মৃত ব্যক্তিদের মধ্যে রয়েছেন; শেরপুর জেলা সদরের নওশের আলী (৬৫), ভোলা জেলার আ. কাদের (৫৫) ও নেত্রকোনা সদর এলাকার স্বাধীন (৪৫)।

এর আগে বিশ্ব ইজতেমা ময়দানে মারা গেছেন; নেত্রকোণা থানার আবদুস সাত্তার (৭০), একই জেলার এখলাস মিয়া (৬৮), ভোলা জেলার শাহ আলম (৬০) ও জামালপুর জেলার মতিউর রহমান (৬০)। এছাড়া ইজতেমা ময়দানে আসার সময় মারা যাওয়া তিন জন হলেন; ব্রাহ্মণবাড়িয়া জেলার ইউনুছ মিয়া (৬০), চাঁপাইনবাবগঞ্জ সদর থানার জামান মিয়া (৪০), ইজতেমায় দায়িত্ব পালন করতে আসার পথে বাসচাপায় আহত পুলিশের এএসআই হাসান উজ্জামান (৩০) শুক্রবার ভোরে মারা যান। বিশ্ব ইজতেমার মিডিয়া সেলের সমন্বয়ক মো. হাবিবুল্লাহ রায়হান ও টঙ্গী শহীদ আহসান উল্লাহ মাস্টার জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. জাহাঙ্গীর আলম তাদের মৃত্যুর তথ্য নিশ্চিত করেছেন।

(ভোয়া ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ এলিনা)

# রেডিও তেহরান

## বাংলাদেশের নির্বাচন অবাধ ও সুষ্ঠু হয়নি, তবুও কিছু ইস্যুতে ঢাকার সঙ্গে কাজ করবে ওয়াশিংটন

বাংলাদেশের নির্বাচন অবাধ ও সুষ্ঠু না হলেও ঢাকার সঙ্গে একত্রে কাজ করতে আমেরিকার আপত্তি নেই বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস। আজ বাংলাদেশের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী সাবের হোসেন চৌধুরীর সঙ্গে সাক্ষাতে এই কথা বলেন হাস। বিস্তারিত ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধির প্রতিবেদনে :

যদিও বাংলাদেশের নির্বাচন অবাধ ও সুষ্ঠু হয়নি, তারপরও কিছু ইস্যুতে ঢাকার সঙ্গে একত্রে কাজ করতে চায় যুক্তরাষ্ট্র। এমন মন্তব্য করেছেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস। তিনি বলেন, জলবায়ু পরিবর্তন ও পরিবেশ ইস্যুতে বাংলাদেশের সাথে কাজ করতে চায় যুক্তরাষ্ট্র। আজ রবিবার সকালে সচিবালয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী সাবের হোসেন চৌধুরীর সাথে সাক্ষাৎ শেষে এসব কথা বলেন মার্কিন রাষ্ট্রদূত। সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে পরিবেশ মন্ত্রী জানান, নতুন পরিবেশে বাংলাদেশের সাথে কাজ করবে যুক্তরাষ্ট্র। কিছুক্ষেত্রে তাদের প্রশ্ন থাকলেও, সামনে এগিয়ে যেতে একমত হয়েছে ওয়াশিংটন। যুক্তরাষ্ট্রের সাথে বাংলাদেশের সম্পর্ক অনেক গভীর এমন মন্তব্য করে সাবের হোসেন বলেন, নির্বাচনের বিষয়ে আগেই যুক্তরাষ্ট্রকে জানানো হয়েছে। এছাড়া জলবায়ুর চ্যালেঞ্জ মোকাবেলায় ১৫ বিলিয়ন ডলারের ফান্ড গঠনে যুক্তরাষ্ট্র অংশীদার হিসেবে কাজ করবে বলেও জানান তিনি। এ সময় সাবের হোসেন চৌধুরী আরো বলেন, নির্বাচন নিয়ে মার্কিন রাষ্ট্রদূতের সঙ্গে আর কোনো কথা হয়নি। কিছু কিছু ক্ষেত্রে ভিন্ন মত থাকতেই পারে। তারপরেও যুক্তরাষ্ট্রের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ক ভালো থাকবে(স্বকণ্ঠে) : ইলেকশনে স্পেসিফিক কিছু হয় নাই শুধু একটাই স্টেটমেন্ট। উনি যেটা বলেছেন যে, আমরা মনে করি বাংলাদেশের নির্বাচন অবাধ ও নিরপেক্ষ হয়নি। তারপরেও আমরা চাই যে, আমাদের সম্পর্ক যেন এগিয়ে যায়। আমি যেটা বুঝছি সেটা হচ্ছে তারা এখন ভবিষ্যতে দিকে তাকাতে চায়। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ০৪.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## বাংলাদেশ-মিয়ানমার সীমান্তে ব্যাপক গোলাগুলি; নতুন রোহিঙ্গা অনুপ্রবেশ ঠেকানোই চ্যালেঞ্জ

মিয়ানমারের সেনাবাহিনী এবং বিদ্রোহীদের লড়াইয়ের মধ্যে দেশটির সীমান্তরক্ষী বাহিনী বিজিপির অন্তত ৩০ সদস্য পালিয়ে বাংলাদেশে এসে আশ্রয় নিয়েছে। এ সম্পর্কে আমাদের ঢাকার বিশেষ প্রতিনিধির প্রতিবেদন :

মিয়ানমারে সেনাবাহিনী ও বিদ্রোহীদের লড়াইয়ের মধ্যে দেশটির সীমান্তরক্ষী বাহিনী বিজিপির অন্তত ৩০ সদস্য পালিয়ে বাংলাদেশে এসে আশ্রয় নিয়েছেন বান্দরবানের নাইক্ষ্যংছড়ি ও তুমব্রু সীমান্তের ওপারে মিয়ানমারে মুহুর্মুহু গোলাগুলি ও মর্টারশেল নিক্ষেপে রাতভর যুদ্ধের পর মিয়ানমার বর্ডার গার্ড পুলিশের ফাঁড়ি দখলে নেয় আরাকান আর্মির যোদ্ধারা। এ অবস্থায় মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনী বর্ডার গার্ড পুলিশের ৩০ সদস্য সীমান্ত পেরিয়ে পালিয়ে এসে আশ্রয় নিয়েছে বাংলাদেশ বর্ডার গার্ডের তুমব্রু ফাঁড়িতে। আশ্রয় নেয়া মিয়ানমার সীমান্ত সদস্য গুলিবিদ্ধ হয়ে আহত অবস্থায় এসেছেন। এদিকে, মিয়ানমারে গোলাগুলির বিকট শব্দে আতঙ্ক বিরাজ করছে বাংলাদেশের সীমান্তবর্তী গ্রামগুলোতে। উদ্বিগ্ন অবস্থায় রয়েছেন সেখানের বাসিন্দারা। জনৈক ব্যক্তি (এক) (স্বকণ্ঠে) : আমরা ভয় পাচ্ছি আমাদের বাচ্চারা কান্না করছে এই জন্য আমরা নিরাপত্তার জন্য আমাদের আত্মীয়-স্বজনের বাড়িতে যাচ্ছি। জনৈক ব্যক্তি (দুই)

(স্বকণ্ঠে) : আমরা এলাকা ছেড়ে আশ্রয়ের জন্য অন্য জায়গায় যাচ্ছি। এমন পরিস্থিতিতে বাংলাদেশে চলছে নানা আলোচনা।

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, মিয়ানমারের আভ্যন্তরীণ সংঘর্ষ ও ব্যাপক গোলাগুলির মুখে দেশটির সীমান্তরক্ষী বাহিনীর সদস্যরা আত্মরক্ষার জন্যই বাংলাদেশে এসে অস্ত্র জমা দিয়ে বিজিবির কাছে আশ্রয় নিয়েছে (স্বকণ্ঠে) : আমরা কোন যুদ্ধে জড়াতে চাই না, আমরা যুদ্ধ চাইও না। আমাদের পুলিশ বাহিনীকে বলে দিয়েছে, আমাদের কোচগার্ডকেও আমরা ইন্সট্রাকশন দিয়েছি যাতে কোনভাবেই আমাদের সীমানায় কেউ অনুপ্রবেশ করতে না পারে। এই ব্যাপারে আমরা খুব সতর্ক রয়েছি। রবিবার সকালে সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি আরো বলেন, জীবন রক্ষার্থে পালিয়ে এসে অস্ত্র জমা দিয়ে বিজিবি ক্যাম্পে আশ্রয় নেয়া মিয়ানমার পুলিশ-বিজিপি সদস্যদের ফেরত পাঠানোর প্রক্রিয়া চলছে। আর মিয়ানমার সীমান্ত এলাকায় উত্তেজনার নিরসনে চীনের সহযোগিতা চেয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সচিবালয়ে নিজ দপ্তরে বাংলাদেশে নিযুক্ত চীনা রাষ্ট্রদূত ইয়াও ওয়েনের সাথে বৈঠকের পর সাংবাদিকদের তিনি একথা বলেন (স্বকণ্ঠে) : এ বিষয়ে চায়না একটা ভূমিকা নিতে পারে। কারণ রোহিঙ্গাদের আমাদের এখানে তাদের সংখ্যা হয়ে গেছে ১২-১৩ লাখের মত। এটা আমাদের জন্য অতিরিক্ত একটা বারডেন। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ০৪.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## এনএইচকে

### ইরাক ও সিরিয়ায় অন্তত ৪৫ জনের প্রাণহানি ঘটা মার্কিন প্রতিশোধমূলক হামলার নিন্দা ইরানের

ইরাক ও সিরিয়ায় ইরান সমর্থিত জঙ্গিদের ঘাঁটি লক্ষ্য করে মার্কিন প্রতিশোধমূলক বিমান হামলার নিন্দা জানিয়েছে ইরান। ইরাক ও সিরিয়াও এই হামলার সমালোচনা করেছে যাতে অন্তত ৪৫ জনের প্রাণহানি ঘটেছে বলে জানা গেছে। মার্কিন কেন্দ্রীয় কমান্ডের ভাষ্যানুযায়ী, তাদের বাহিনী শুক্রবার ইরানের ইসলামি বিপ্লবী রক্ষীবাহিনীর কুদস ফোর্স এবং তাদের সহযোগী আধা-সামরিক বাহিনীগুলোকে লক্ষ্য করে বিমান হামলা চালিয়েছে। হোয়াইট হাউসের জাতীয় নিরাপত্তা পরিষদের মুখপাত্র জন কারবি গত রবিবার সাংবাদিকদের জানান যে, জর্ডানে একটি ড্রোন হামলায় তিন মার্কিন সেনা নিহতের প্রতিশোধ নেবে যুক্তরাষ্ট্র। গত শুক্রবার মার্কিন বাহিনী, ইরাক ও সিরিয়ার সাতটি স্থানে ৮৫টি লক্ষ্যবস্তুতে আঘাত হেনেছে, যার মধ্যে কমান্ড ও নিয়ন্ত্রণ সদরদপ্তর, ক্ষেপণাস্ত্র, ড্রোন মজুদ স্থাপনা এবং কুদস ফোর্স বা আধা-সামরিক বাহিনীগুলোর সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য স্থাপনাও অন্তর্ভুক্ত রয়েছে। কারবি বলেন যে, মার্কিন পদক্ষেপটি শুধুমাত্র একটি আঘাত নয় বরং সময়ের সাথে সাথে একটি ধারাবাহিক জবাব হবে। তবে তিনি এও বলেন যে, "আমরা আরেকটি যুদ্ধ চাই না। আমরা যুদ্ধ সম্প্রসারিত করার ইচ্ছা পোষণ করছি না।" গতকাল শনিবার ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র এক বিবৃতিতে, মার্কিন হামলাকে ইরাক এবং সিরিয়ার সার্বভৌমত্ব ও ভূখণ্ডগত অখণ্ডতার লঙ্ঘন বলে অভিহিত করেন। তিনি, মার্কিন সরকার আরেকটি কৌশলগত ভুল করেছে বলেও উল্লেখ করেন। যুক্তরাজ্য ভিত্তিক সিরিয়ান অবজারভেটরি ফর হিউম্যান রাইটসের ভাষ্যানুযায়ী, সিরিয়ায় পরিচালিত হামলায় ২৬টি অবস্থানকে লক্ষ্যবস্তু করা হয় এবং এতে আধা-সামরিক বাহিনীর ১৮ জন সদস্য নিহত হন। সিরিয়ার রাষ্ট্রীয় গণমাধ্যমে সেনাবাহিনীর একটি বিবৃতি প্রচার করা হয়েছে, যাতে মার্কিন হামলাকে ন্যায্যতা দেয়া যেতে পারে না বলে উল্লেখ করা হয়। ইরাকে একজন সরকারি মুখপাত্রের ভাষ্যমতে, এই হামলায় বেসামরিক নাগরিক'সহ ১৬ জন নিহত এবং অপর ২৯ জন আহত হয়েছেন বলে জানা গেছে। বিবৃতিতে বলা হয় যে, মার্কিন পদক্ষেপ ইরাক এবং ওই অঞ্চলের নিরাপত্তা পরিস্থিতিকে "অতল গহ্বরের দ্বারপ্রান্তে" ঠেলে দিয়েছে এবং স্থিতিশীলতা সৃষ্টির চলমান প্রচেষ্টাকে হুমকির মুখে ফেলেছে।

(এনএইচকে ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### মিয়ানমারে সংঘাত: কী করবে বাংলাদেশ?

বাংলাদেশের বান্দরবান জেলার বান্দরবানের তমব্রু সীমান্তের বিজিবি ক্যাম্পে মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনী বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) ৫৮ জন সদস্য। নাইক্ষ্যংছড়ি সীমান্তের ওপারে মিয়ানমারের বিদ্রোহী দল আরাকান আর্মির সঙ্গে সংঘর্ষের মুখে পালিয়ে দেশটির এই সীমান্তরক্ষীরা। তাদেরকে বাংলাদেশ সীমান্তরক্ষী বাহিনী বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবির) ৩৪ ব্যটালিয়নের একটি স্থানীয় তামব্রু ফাঁড়িতে রাখা হয়েছে বলে ডয়চে ভেলেকে জানিয়েছেন বিজিবির জনসংযোগ কর্মকর্তা শরিফুল ইসলাম। এদিকে রোববার বিকাল থেকে সীমান্তের ওই অঞ্চলে গোলাগুলির আওয়াজ আর তেমন একটা পাওয়া যাচ্ছে না বলে জানিয়েছে স্থানীরা।

সীমান্ত লাগোয়া নাইক্ষ্যংছড়ির ঘুমধুম ইউনিয়নের এক নাম্বার ওয়ার্ডের মেম্বার মো. শফিকুর রাহমান রোববার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে ডয়চে ভেলেকে জানান, “বিকাল থেকে মিয়ানমারে আর গোলাগুলির শব্দ শোনা যাচ্ছে না। মিয়ানমারের বিজিপির সদস্যরা বাংলাদেশের বিজিবির তামব্রু ক্যাম্পে আছেন। আরাকান আর্মি মিয়ানমারে বিজিপির একটি ক্যাম্প দখল করে নিয়েছে বলে আমরা খবর পেয়েছি।" নাইখংছড়ি উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ জাকারিয়াও গেলাগুলির শব্দ রবির সন্ধ্যায় আর না পাওয়ার কথা বলেছেন। শনিবার দুপুরের পর থেকে বাংলাদেশের বান্দরবান জেলার নাইখংছড়ি উপজেলার ঘুমধুম সীমান্তের ওপারে মিয়ানমারে তুমুল যুদ্ধ শুরু হয়। গেলাগুলির শব্দ

বাংলাদেশ সীমান্ত থেকে শোনা যায়। সীমান্ত এলাকার বাড়িতে গুলি ও মর্টার সেল এসে পড়ে। এতে তিন বাংলাদেশি নাগরিক আহত হন।

বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী আসদুজ্জামান খান কামাল রবিবার দুপুরে সচিবালয়ে এক ব্রিফিংয়ে জানান, "মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ (বিজিপি) সদস্যরা আমাদের সীমানর মধ্যে ঢুকে সহযোগিতা চেয়েছেন। তাদের অস্ত্র জমা রেখে মিয়ানমারের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে। আমরা কোনো যুদ্ধে জড়াতে চাই না। আমাদের বিজিবির শক্তি সেখানে বৃদ্ধি করেছি যাতে আমাদেও সীমানায় কেউ প্রবেশ করতে না পারে।" তিনি সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে বলেন, "তারা তো তাদের গভর্নমেন্ট ফোর্স। তাদের ফেরত নেবে না কেন? তাদেরকে ফেরত পাঠানোর জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে আলোচনা চলছে।"

এদিকে বাংলাদেশে মিয়ানমারের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন রোববার সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের সঙ্গে দেখা করেছেন সচিবালয়ে। পরে ওবায়দুল কাদের সাংবাদিকদের বলেন, "মিয়ানমারের অভ্যন্তরীণ লড়াইয়ের রেশ বাংলাদেশের সীমান্তবর্তী এলাকাতেও পড়েছে। এ বিষয়ে চীনের সহায়তা প্রত্যাশা করা হয়েছে।" স্থানীয় সূত্র বলছে ১৮ ঘন্টা পর রবিবার বিকেলে আরাকান আর্মি সেখানকার একটি ক্যাম্প (মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ ক্যাম্প) দখল করে নেয়ার পর সন্ধ্যায় সেখানে আর গোলাগুলির শব্দ শোনা যাচ্ছে না। সীমান্ত লাগোয়া ঘুমধুম ইউনিয়নের এক নাম্বার ওয়ার্ডের মেম্বার মো. শফিকুর রাহমানের বাড়ি তামব্রু পশ্চিমকুল গ্রামে। তিনি বলেন, "রাত তিনটার দিকে আমার বাড়িতে মর্টার সেল পড়ে ওপার থেকে এসে। ওই সময় থেকেই ওখানে তীব্র যুদ্ধ শুরু হয়। ১৮ ঘন্টা যুদ্ধের পর পরিস্থিতি এখন শান্ত। আমরা শুনেছি আরাকান আর্মি একটি ক্যাম্প দখল করে নিয়েছে।"

শফিক মেম্বার জানান, "আমরা বাড়ি ছাড়াও আরো একটি বাড়িতে মর্টার শেল পড়েছে। দুই বাড়িতে কেউ আহত না হলেও আশপাশ এলাকায় তিনজন আহত হয়েছেন। স্থানীয় লোকজন আতঙ্কে থাকলেও তারা এলাকা ছেড়ে চলে যায়নি। তবে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখা হয়েছে। রবিবার ভোর রাত থেকে তামব্রু সীমান্তে অবস্থান করছেন স্থানীয় সাংবাদিক আব্দুল হাকিম। তার বাড়ি নাইক্ষ্যংছড়ি উপজেলায়। তিনি বলেন, "শনিবার বিকেল ৩টার দিক থেকেই ওইপাড়ে গুলির শব্দ শোনা যায়। রাতে আরো তীব্র হয়। গুলি ও মর্টারের শেল বাংলাদেশ অংশেও এসে পড়ে। রোববার বিকেল থেকে গোলাগুলির শব্দ কমে যায়। আমরা জানতে পেরেছি বিকাল পর্যন্ত ৫০ জনেরও বেশি মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর সদস্য বিজিবির বাছে এসে আশ্রয় নিয়েছে। তবে বিজিবি ১৪ জনের পর আর কিছু জানায়নি। তাদেও প্রেস ব্রিফিং করার কথা ছিলো তাও করেনি।"

পুরো এলাকায় আতঙ্ক বিরাজ করছে। সীমান্তের আশপাশের বাড়িতে পুরুষরা থাকলেও নারীদের সরিয়ে নেয়া হয়। আর শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে দেয়া হয়েছে বলে জানান তিনি। স্থানীয় পর্যায়ে কথা বলে জানা গেছে, বাংলাদেশ-মিয়ানমার সীমান্তের ৩৪ নাম্বার পিলারের ওপারে মিয়ানমারের অংশে একটি ক্যাম্প দখল নিয়ে বাংলাদেশ সীমান্তের ওপারে মিয়ানমারে বিজিপি এং আরাকান আর্মির মধ্যে তুমুল লড়াই হয়। শনিবার বিকাল ৩টা থেকে দুই পক্ষের মধ্যে গোলাগুলি হয়। নাইক্ষ্যংছড়ি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এ এফ এম সায়েদ বলেন, "সীমান্ত বিজিবি সদস্যরা দেখছেন। আর নাগরিকদের নিরাপত্তার কোনো সমস্যা হলে আমরা দেখব। এখনো তেমন কোনো সমস্যা হয়নি।" আর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ জাকারিয়া রবিবার সন্ধ্যা ৭টার দিকে জানান, "আমরা এখন আর গোলাগুলির শব্দ শুনছি না। কিছুটা শান্ত হয়ে এসেছে।" তিনি বলেন, "সীমান্তের লোকজনের জন্য আমরা আশ্রয়কেন্দ্র খুলেছি। তবে কেউ আশ্রয় কেন্দ্রে আসেননি। কেউ কেউ ওই এলাকা ছেড়ে আত্মীয় স্বজনদের বাড়িতে নিরাপদ আশ্রয় নিয়েছে বলে শুনেছি। শিক্ষা প্রতিষ্ঠানগুলো বন্ধ রেখেছি। আরো একদিন বন্ধ থাকবে।" নিরাপত্তা বিশ্লেষক মেজর জেনারেল (অব.) আ ন ম মুনীরুজ্জামান বলেন, "আমাদের বর্ডারকে আরো সুরক্ষিত করতে হবে। আর ওখানে (মিয়ানমার) কী ঘটছে তার গোয়েন্দা তথ্যের ব্যাপারে আমাদের ঘাটতি আছে বলে আমার কাছে মনে হচ্ছে। তাই সেই তথ্যের নেটওয়ার্ক আমাদের আরো শক্তিশালী করা প্রয়োজন। তাহলে আমরা আগাম ব্যবস্থা নিতে পারব।" তার কথা, "মিয়ানমারের ভিতরে যুদ্ধ কতটা বিস্তৃত হচ্ছে সেটা আমাদের জেনে ব্যবস্থা নিতে হবে। কারণ একবার যদি রোহিঙ্গারা আসা শুরু করে তাহলে কিন্তু ঠেকানো যাবে না। ২০১৭ সালে আমরা বলেছিলাম আমাদের প্রস্তুতি ছিলে না। এবার যেন সেরকম না হয়। আর আমাদের এই বিষয় নিয়ে আন্তর্জাতিক পর্যায়ে যোগাযোগ বাড়াতে হবে। বিশেষ করে আসিয়ানের সঙ্গে আমাদের কথা বলতে হবে। এই ধরনের পরিস্থিতিতে তাদের অবস্থান জেনে আমাদের কথা বলছে হবে। আর আন্তর্জাতিক পর্যায়ে এর প্রভাব কী পড়ে তাও খেয়াল রাখতে হবে। বাংলাদেশের পক্ষ থেকে সেই ধরনের তৎপরতা আমি দেখছিনা এখনো।"

আর মিয়ানমারে বাংলাদেশের সাবেক সামরিক অ্যাটাশে এবং সাবেক রাষ্ট্রদূত মেজর জেনারেল (অব.) এম শহীদুল হক বলেন, "আরাকান আর্মি পালাতেয়া নিয়ন্ত্রণে নিয়ে এখন বাংলাদেশ-মিয়ানমার বর্ডার তারা নিয়ন্দ্রণে নিতে চাইছে। এখন যে যুদ্ধটা হচ্ছে সেটা মূলত আরকান আর্মি ও মিয়ানমারের সীমান্ত রক্ষী বাহিনীর মধ্যে। পালাতেয়া নিয়ন্ত্রণে নেয়ার ফলে মিয়ানমার-ভারত সীমান্ত এরইমধ্যে আরাকান আর্মির নিয়ন্ত্রণে চলে গেছে।" তার কথা, "মিয়ানমারের ভেতরে আরো অনেক জায়গায় যুদ্ধ চলছে। সিটুয়েতে যুদ্ধ চলছে। পুরাতন আকিয়াব বন্দর যেখানে ওটার টাউনশিপের আশেপাশে যুদ্ধ চলছে। ওই সব এলাকায় দুই লাখের বেশি মুসলমান আছে। এর আগে ক্লিনজিং করা হয়েছিলো। এখন যদি আবার শুরু হয় তাহলে বাংলাদেশে কিন্তু তারা চলে আসতে পারে বলে আমার আশঙ্কা। সীমান্তে বিজিবি মোতায়েনের পরও আরো

অনেক জায়গা আছে, পাহাড়ি এলাকা আছে যেখান থেকে মিয়ানমারের লোকজন ঢুতে পড়তে পারে। ওইসব জায়গা থেকে সব সময়ই তারা আসা-যাওয়া করে। ২০১৭ সালে এসেছে। এখনো আসা-যাওয়া করছে। ওই গ্যাপগুলো বন্ধ করতে হবে। সেখান থেকে কেউ আসলে তাদেও বুঝিয়ে পুশব্যাক করতে হব" বলে জানান তিনি। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ''আরাকান আর্মি পালাতেয়া দখল করলেও সেখানে চীনের অনেক স্থাপনা ও ব্যবসা আছে। আরাকান আর্মি চীনা কোনো স্থাপনায় হামলা চালায়নি। তারা ভারতের স্থাপনায় হামলা করেছে। আরাকান আর্মির সঙ্গে চীনের একটা সম্পর্ক আছে। তাই বাংলাদেশ সরকারের উচিত হবে বিষয়টি নিয়ে চীনের সঙ্গে কথা বলা। তাদের সঙ্গে এটা নিয়ে যোগাযোগ বাড়াতে হবে।''(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০২.২৪ রিহাব)

## রেডিও টুডে

### মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনীর সদস্যদের পালিয়ে বাংলাদেশে আসা অব্যাহত রয়েছে

বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম সীমান্তের ওপারে মিয়ানমারের বিদ্রোহী দল আরাকান আর্মির সঙ্গে সংঘর্ষের মধ্যে দেশটির সীমান্তরক্ষী বাহিনীর বহু সদস্য পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিয়েছেন। তাদের অস্ত্র ও গুলি বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী বিজিবির হেফাজতে রাখা হয়েছে। রোববার সকালে প্রথমে শূন্য রেখা পেরিয়ে বাংলাদেশে এসে আশ্রয় নেয় মিয়ানমার বর্ডার গার্ড পুলিশ বিজিবির ১৪ জন সদস্য। এরপর সন্ধ্যা নাগাদ কয়েক দফায় মিয়ানমার সীমান্ত রক্ষী বাহিনীর আরো কিছু সদস্য পালিয়ে বাংলাদেশে চলে আসেন। এর আগে সকালে ঘুমধুমের তমরু এলাকায় মিয়ানমার থেকে ছোড়া গুলিতে আহত হন দুই বাংলাদেশি। মিয়ানমারের অভ্যন্তরে বিভিন্ন বিদ্রোহী গোষ্ঠীর সঙ্গে দেশটির সেনাবাহিনীর সংঘাত সাম্প্রতিক সময়ে ভয়াবহ আকার ধারণ করেছে। দেশটির অন্যতম সশস্ত্র গোষ্ঠী আরাকান আর্মির সঙ্গে সংঘর্ষ চলছে বাংলাদেশ সীমান্তের কাছেও। শনিবার রাত থেকে সেখানে থেমে থেমে গোলাগুলি চলছে। এ অবস্থায় সীমান্ত এলাকায় পাঁচটি সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্ধ ও সীমান্তবর্তী কয়েকটি শহরের সড়কে যানবাহন নিয়ন্ত্রণ করার ঘোষণা দিয়েছে বান্দরবান জেলা প্রশাসন। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ০৪.০২.২০২৪ আসাদ)

### বাংলাদেশে আশ্রয় নেওয়া মিয়ানমার সীমান্তরক্ষী সদস্যদের শিগগিরই ফেরত পাঠানো হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল জানিয়েছেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশে আশ্রয় নেওয়া মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর সদস্যদের ফেরত পাঠানোর চেষ্টা চলছে। শিগগিরই তারা ফেরত যাবে। রোববার বিজিবি মহাপরিচালকের সঙ্গে বৈঠকের পর এ কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি জানান সীমান্তে বিজিবির শক্তি বাড়ানো হয়েছে। সীমান্ত দিয়ে কাউকে ঢুকতে দেওয়া হবে না। বর্তমান পরিস্থিতির জন্য রোহিঙ্গা প্রত্যাবাসন প্রক্রিয়া বিলম্ব হতে পারে বলেও মন্তব্য করেন স্বরাষ্ট্রমন্ত্রী। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ০৪.০২.২০২৪ আসাদ)

### ধর্ষণকাণ্ডে জড়িতদের বিচারের দাবিতে উত্তাল হয়ে উঠেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস

ধর্ষণকাণ্ডে জড়িতদের বিচারের দাবিতে উত্তাল হয়ে উঠেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস। বিশ্ববিদ্যালয়ে সাধারণ শিক্ষার্থীরা ক্যাম্পাসে মানববন্ধন ও বিক্ষোভ করেছেন। ছাত্রলীগের একটি অংশ জড়িতদের বিচারের দাবি করে ক্যাম্পাসে বিক্ষোভ করেছেন। আন্দোলনরত শিক্ষার্থীরা বলছেন কোন ধর্ষকের স্থান জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় হবে না। এদিকে ভুক্তভোগী নারীর স্বামী ৬ জনকে আসামি করে আশুলিয়া থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেছেন। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ০৪.০২.২০২৪ আসাদ)

### ড. মুহাম্মদ ইউনূসকে হয়রানি করার কোন উদ্দেশ্য সরকারের নেই : আইনমন্ত্রী

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, নোবেল বিজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসকে অহেতুক গ্রেপ্তার বা কারাগারে পাঠানোর কোনো পরিকল্পনা সরকারের নেই। তবে আদালত ড. ইউনুসের বিরুদ্ধে যে রায় দেবেন তা বাস্তবায়ন করার দায়িত্ব সরকারের সংশ্লিষ্ঠদের বলেও জানান তিনি। আজ রোববার রাজধানীর বিচার, প্রশাসন ও প্রশিক্ষণ ইনস্টিটিউটে সহকারী জজ ও সমপর্যায়ের বিচারবিভাগীয় কর্মকর্তাদের ৪৭তম প্রশিক্ষণ কোর্স উদ্ধোধন শেষে বেরিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন তিনি। বহুল আলোচিত সাংবাদিক দম্পতি সাগর-রুনির হত্যাকারীদের ধরা হবে জানিয়েছেন আইনমন্ত্রী বলেন, এ হত্যাকাণ্ডের বিচার হারিয়ে যাবে না। দ্ব্যর্থহীন ভাষায় তিনি বলেন, এ হত্যার বিচার করতে যে যে পদক্ষেপ নেওয়া উচিত, সেটাই সরকার গ্রহণ করবে। (টুডে :১৮৪৫ ঘ. ০৪.০২.২০২৪ আসাদ)

### ভোক্তা পর্যায়ে তরলীকৃত গ্যাসের দাম আবারও বেড়েছে

দেশে ভোক্তা পর্যায়ে এলপিজির দাম ১২ কেজিতে এবার ৪১ টাকা বাড়িয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন বিইআরসি। আগের মাসে ১২ কেজিতে দাম ২৯ টাকা বেড়েছিল। রোববার বিইআরসির কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এলপিজির নতুন দাম জানানো হয়। বিইআরসির সদস্য মোহাম্মদ ইয়ামিন চৌধুরী নতুন এই নাম ঘোষণা করেন। রোববার সন্ধ্যা ছয়টা থেকেই নতুন দাম কার্যকর হয়েছে। (টুডে :১৮৪৫ ঘ. ০৪.০২.২০২৪ আসাদ)

### চাল মিল মালিকরা শিয়ালের চেয়েও চালাক : খাদ্যমন্ত্রী

চাল ব্যবসার সঙ্গে জড়িত মিল মালিকরা শিয়ালের চেয়ে ধূত বলে মন্তব্য করেছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। রোববার দুপুরে বগুড়া জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে একমত বিনিময় সভায় এই মন্তব্য করেন তিনি। ব্যবসায়ীদের

উদ্দেশ্যে তিনি বলেন কৃত্রিমভাবে চালের দাম বাড়ানো হচ্ছে; কারণ জানতে চাইলে ব্যবসায়ীরা একে অপরকে দোষারোপ করেন। মন্ত্রী বলেন নতুন আইন হচ্ছে শুধু জরিমানাই নয় জেলেও যেতে হতে পারে।
(টুডে :১৮৪৫ ঘ. ০৪.০২.২০২৪ আসাদ)

**দেড় ঘন্টা বন্ধ থাকার পর মেট্রো রেল চলাচল স্বাভাবিক হয়েছে**

কারিগরি ত্রুটির কারণে দেড় ঘন্টার বেশি সময় বন্ধ থাকার পর পুনরায় মেট্রোরেল চলাচল স্বাভাবিক হয়েছে। মেট্রোরেলের ওভার হিট বৈদ্যুতিক লাইন ট্রিপ করায় ট্রেন চলাচল বন্ধ ছিল। বিকেল সোয়া চারটার দিকে মেট্রোরেল চলাচল স্বাভাবিক হয়েছে বলে জানা গেছে। (টুডে :১৮৪৫ ঘ. ০৪.০২.২০২৪ আসাদ)

**রাঙ্গামাটির বাঘাইছড়িতে দুর্বৃত্তের গুলিতে দুজন নিহত**

রাঙ্গামাটির বাঘাইছড়িতে দুর্বৃত্তের গুলিতে দুজন নিহত হয়েছেন। রোববার দুপুরে উপজেলার সাজেক ইউনিয়নের মাসলং ব্রিজপাড়া এলাকায় ওই ঘটনা ঘটে। নিহত ব্যক্তিরা হলেন ইউপিডিএফ সদস্য দিপায়ন চাকমা ও মন্টু চাকমা। স্থানীয়রা জানান রোববার দুপুর ২ টার দিকে ব্রিজ পাড়া এলাকার একটি দোকানে দিপায়ন চাকমা ও মন্টু চাকমা ওরফে আশিষ চাকমা বসে চা খাচ্ছিলেন। এ সময় পাঁচ থেকে ছয়জন লোক তাদের গুলি করলে ঘটনাস্থলেই তারা মারা যায়।
(টুডে :১৮৪৫ ঘ. ০৪.০২.২০২৪ আসাদ)

**বনানীর এফআর টাওয়ারে অগ্নিকাণ্ডের মামলায় পিবিআই এর দেওয়া অভিযোগ পত্র গ্রহণ আদালতের**

রাজধানীর বনানীর এফ আর টাওয়ারে আগুনে ২৭ জনের প্রাণহানির ঘটনায় দায়ের হওয়া মামলায় আট ব্যক্তির বিরুদ্ধে পুলিশ ব্যুরো অফ ইনভেস্টিগেশন পিবিআই এর দেওয়া অভিযোগপত্র গ্রহণ করেছেন আদালত। এতে পলাতক ৫ আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে। আর মামলা থেকে অব্যাহতি পেয়েছেন ভবন নির্মাণকারী প্রতিষ্ঠান রুপায়ন গ্রুপের চেয়ারম্যান লিয়াকত আলী খান। ঢাকার সিএমএম আদালতের ম্যাজিস্ট্রেট রশিদুল আলম রোববার এই আদেশ দেন। ঢাকা মহানগর পুলিশের অপরাধ ও তথ্য বিভাগের উপ পরিদর্শক শাহ আলম সংবাদ মাধ্যমকে এই তথ্য নিশ্চিত করেছেন। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ০৪.০২.২০২৪ আসাদ)

**প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চিঠি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন**

বাংলাদেশের অর্থনৈতিক লক্ষ্য অর্জনে একসঙ্গে কাজ করার ইচ্ছা প্রকাশ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চিঠি দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন। আজ রোববার পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে এ কথা জানিয়েছেন। মার্কিন যুক্তরাষ্ট্রের দূতাবাস পররাষ্ট্র মন্ত্রণালয়ে চিঠিটি হস্তান্তর করেছেন। চিঠিতে জো বাইডেন একটি স্বাধীন ও উন্মুক্ত ইন্দো-প্যাসিফিক অঞ্চলের জন্য বাংলাদেশের সাথে অংশীদারিত্বের বিষয়ে ও ইচ্ছা প্রকাশ করেছেন। চিঠিতে বাইডেন বলেছেন যুক্তরাষ্ট্র বাংলাদেশের উচ্চভিলাসী অর্থনৈতিক লক্ষ্যকে সমর্থন করতে এবং একটি স্বাধীন ও উন্মুক্ত ইন্দো-প্যাসিফিক অঞ্চলের জন্য আমরা বাংলাদেশ সঙ্গে অংশীদারিত্ব করতে প্রতিশ্রুতিবদ্ধ।
(রেডিও টুডে :২১৪৫ ঘ. ০৪.০১.২০২৪ আসাদ)

**আজ বিশ্ব ইজতেমার প্রথম পর্বের আখেরি মোনাজাতের শেষ দিন**

আখেরি মোনাজাতের মধ্য দিয়ে আজ শেষ হচ্ছে বিশ্ব ইজতেমার প্রথম পর্ব। মোনাজাতকে কেন্দ্র করে শনিবার রাত দশটা থেকে জেলার তিন সড়কে যান চলাচল বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে গাজীপুর মহানগর ট্রাফিক পুলিশ। মোনাজাত শেষে আজ দুপুর ২ টার পর সড়কগুলো আবারো খুলে দেয়া হবে। ইজতেমা শেষে মুসল্লিদের যাতায়াত নির্বিঘ্ন করতে এমন ব্যবস্থা নিয়েছে আইন শৃঙ্খলা বাহিনী। এর অংশ হিসেবে শনিবার মধ্যরাত থেকে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের আব্দুল্লাহপুর থেকে গাজীপুরের ভোগড়া বাইপাস টঙ্গী ঘোড়াশাল আঞ্চলিক সড়কের পীরের বাগ থেকে টঙ্গী স্টেশন রোড পর্যন্ত এবং রাজধানী ঢাকার কামারপাড়া মোড় থেকে টঙ্গীর মন্নুজান সড়ক বন্ধ রয়েছে। তবে এসব সড়কে ইজতেমার মুসল্লী বহনকারী যানবাহন চলতে পারবে। এছাড়া জরুরী প্রয়োজনে এম্বুলেন্স, গণমাধ্যম কর্মী বা বিভিন্ন সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের গাড়ি চলাচল স্বাভাবিক থাকবে। (রেডিও টুডে: ৮৪৫ ঘ. ০৪.০২.২০২৪ রুবাইয়া)

**ঘুমধুম সীমান্তের বিজিবি ক্যাম্পে আশ্রয় নিয়েছেন মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর ১৪ সদস্য**

বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম সীমান্তের তম্ব্রু এলাকায় বিজিবি ক্যাম্পে আশ্রয় নিয়েছেন মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর ১৪ সদস্য। রোববার সকালে শূন্য রেখা পেরিয়ে তম্ব্রু এর ক্যাম্পে আশ্রয় নেন মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ বিজিবির এই সদস্যরা। তাদের অস্ত্র ও গুলি বিজিবির কাছে জমা রাখা আছে। এর আগে সকালে তম্ব্রু এলাকায় মিয়ানমার থেকে ছোড়া গুলিতে আহত হন দুই বাংলাদেশি। মিয়ানমারের অভ্যন্তরে বিভিন্ন বিদ্রোহী গোষ্ঠীর সঙ্গে দেশটির সেনাবাহিনীর সংঘাত সাম্প্রতিক সময়ে ভয়াবহ আকার ধারণ করেছে। দেশটির বেশিরভাগ এলাকায় এই সংঘাত ছড়িয়ে পড়েছে এবং কয়েকশ সেনা ক্যাম্প দখল করে নিয়েছে বিদ্রোহীরা। আরাকান আর্মির সঙ্গে সংঘর্ষ চলছে বাংলাদেশ সীমান্তের কাছেও। ফলে সীমান্ত এলাকার মানুষের মধ্যেও এখন আতঙ্ক বিরাজ করছে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৪.০২.২০২৪ রুবাইয়া)

**মিয়ানমারের বিদ্রোহীদের সঙ্গে দেশটির সেনাবাহিনীর সংঘর্ষে বাংলাদেশও ক্ষতিগ্রস্ত হচ্ছে : কাদের**

মিয়ানমারের বিদ্রোহীদের সঙ্গে দেশটির সেনাবাহিনীর সঙ্গে সংঘর্ষে বাংলাদেশ ও ক্ষতিগ্রস্ত হচ্ছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেছেন মিয়ানমারের সংঘাত নিরসনে চীন ভূমিকা রাখলে বাংলাদেশ উপকৃত হবে। রোববার সচিবালয়ে চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন এর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের কাছে তিনি এই মন্তব্য করেন। ওবায়দুল কাদের জানান, তিনি চীনের রাষ্ট্রদূত কে বলেছেন আরাকান আর্মির সঙ্গে মিয়ানমার সরকারের দ্বন্দ্বের প্রভাব যেন বাংলাদেশের উপর না পড়ে সে বিষয়ে তারা যেন পদক্ষেপ নেয়। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৪.০২.২০২৪ রুবাইয়া)

### তমব্রু সীমান্তে বিজিবির সঙ্গে পুলিশ কাজ করছে : আইজিপি

তমব্রু সীমান্তে বিজিবির সঙ্গে পুলিশ কাজ করছে বলে জানিয়েছেন পুলিশ মহাপরিদর্শক চৌধুরী আব্দুল্লাহ আল মামুন। রোববার সকালে চট্টগ্রামে ডাঙ্গার চর নৌ তদন্ত কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। আইজিপি বলেন, পুলিশ বিজিবির সঙ্গে কাজ করছে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৪.০২.২০২৪ রুবাইয়া)

### আখেরি মোনাজাতের মধ্য দিয়ে আজ শেষ হলো বিশ্ব ইজতেমার প্রথম পর্ব

টঙ্গীর তুরাগ তীরে আখেরি মোনাজাতের মধ্য দিয়ে আজ শেষ হলো বিশ্ব ইজতেমার প্রথম পর্ব। রোববার সকালে মোনাজাত পরিচালনা করেন মাওলানা জুবায়ের। মোনাজাতে লাখো মুসল্লি অংশ নেয়। মোনাজাতে বিশ্ব মুসল্লির উম্মাহর হেদায়েত ঐক্য শান্তি সমৃদ্ধি ছাড়াও ইহকাল ও পরকালের নাজাত এবং দ্বীনের দাওয়াত সর্বত্র পৌঁছে দেয়ার জন্য দোয়া করা হয়। এ সময় টঙ্গী এলাকায় আমিন আমিন ধ্বণিতে মুখরিত হয়ে ওঠে। মোনাজাত শেষে মুসল্লিরা যার যার গন্তব্যে রওনা হন। এ সময় আশপাশের সড়কগুলোতে যান চলাচল বন্ধ থাকে। মুসল্লিদের যাতায়াত নির্বিঘ্ন করতে তৎপর থাকে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। এর আগে গত শুক্রবার আমবয়ানের মধ্য দিয়ে শুরু হয় এবারের বিশ্ব ইজতেমার প্রথম পর্ব। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৪.০২.২০২৪ রুবাইয়া)

### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে স্বামীকে আটকে রেখে স্ত্রীকে ধর্ষণের অভিযোগ ছাত্রলীগ নেতার বিরুদ্ধে

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে এক দম্পত্তিকে ডেকে এনে স্বামীকে আবাসিক হলে আটকে রেখে স্ত্রীকে ধর্ষণের অভিযোগ উঠেছে এক ছাত্রলীগ নেতাসহ দুজনের বিরুদ্ধে। শনিবার রাত সাড়ে নয়টার দিকে বিশ্ববিদ্যালয়ের মীর মোশারফ হোসেন হল সংলগ্ন জঙ্গলে ধর্ষণের এই ঘটনা ঘটে। এই ঘটনায় ওই নেতাকে বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয়ের শাখা ছাত্রলীগ। অভিযুক্ত ব্যক্তিরা হলেন বিশ্ববিদ্যালয়টির আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ৪৫ তম ব্যাচের শিক্ষার্থী মোস্তাফিজুর রহমান ও বহিরাগত যুবক মামুন। মোস্তাফিজ মীর মোশারফ হলের আবাসিক শিক্ষার্থী ও বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক। এ ঘটনায় মোস্তাফিজ ও তাকে পালাতে সাহায্যকারী প্রান্ত ও সাগর সিদ্দিকী নামে মোট পাঁচজনকে গ্রেফতার করেছে পুলিশ। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৪.০২.২০২৪ রুবাইয়া)

### ড. ইউনূসের সাজা স্থগিত এর বিরুদ্ধে আবেদন করেছে কলকারখানা অধিদপ্তর

শ্রম আইন লঙ্ঘনের মামলায় শান্তিতে নোবেল জয়ী অর্থনীতিবিদ ড. ইউনূসের সাজা স্থগিত করে শ্রম আপিল ট্রাইবুনালে ছয় মাস সাজা স্থগিতের বিরুদ্ধে হাইকোর্টে আবেদন করেছে কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তর। রোববার বিচারপতি নজরুল ইসলাম তালুকদারের নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চে এই আবেদন করা হয়। গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তরের আইনজীবী খুরশিদ আলম খান।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৪.০২.২০২৪ রুবাইয়া)

## জাগো এফএম

### প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আইটিইউ মহাসচিবের অভিনন্দন

বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে পুনরায় নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়ন, আইটিইউ-এর মহাসচিব ডোরেন বোগদান-মার্টিন। শেখ হাসিনাকে পাঠানো লিখিত চিঠিতে আইটিইউ মহাসচিব বলেন, 'গুরুত্বপূর্ণ এই পদে আপনার সাফল্যের জন্য আন্তরিক শুভেচ্ছা এবং আগামী বছরগুলোতে বাংলাদেশের জনগণের সমৃদ্ধি, ঐক্য, প্রবৃদ্ধি এবং সাফল্য কামনা করছি।' ডোরেন বোগদান-মার্টিন উল্লেখ করেন, 'আইটিইউ বছরের পর বছর ধরে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, বিটিআরসি এবং জাতীয় সম্প্রচার মাধ্যমে সর্বজনীন সংযোগ এবং একটি টেকসই ডিজিটাল দেশে রূপান্তর করার জন্য বাংলাদেশকে সহযোগিতা করেছে।' তিনি আরো বলেন, 'আইসিটির মাধ্যমে টেকসই উন্নয়নের অগ্রগতিতে আপনার দেশের অব্যাহত প্রতিশ্রুতি এবং পদক্ষেপকে সাধুবাদ জানাই এবং ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, এসডিজি অর্জনে অব্যাহত সহযোগিতার প্রত্যাশা করছি।' মহাসচিব বলেন, 'জেনেভা এবং ব্যাংককে অবস্থিত এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের জন্য আইটিইউ আঞ্চলিক অফিসের মাধ্যমে বাংলাদেশ ও আইটিইউ-এর মধ্যে চমৎকার সম্পর্ক বজায় রাখতে পূর্ণ সমর্থনের নিশ্চয়তা দিতে পারি। টেলিকমিউনিকেশন এবং আইটি ক্ষেত্রে যে কোনো উপায়ে সহায়তা করার জন্য বরাবরের মতো প্রস্তুত এবং ভবিষ্যতেও সহযোগিতার জন্য অপেক্ষায় আছি।'
(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ প্রতীক)

## বাংলাদেশকে সহযোগিতা করতে যুক্তরাষ্ট্র প্রতিশ্রুতিবদ্ধ : প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জো বাইডেন

বাংলাদেশের অর্থনৈতিক লক্ষ্য অর্জনে সহযোগিতা করার বিষয়ে যুক্তরাষ্ট্র প্রতিশ্রুতিবদ্ধ বলে জানিয়েছেন দেশটির প্রেসিডেন্ট জো বাইডেন। সম্প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে লেখা এক চিঠিতে এমন প্রতিশ্রুতির কথা জানান মার্কিন প্রেসিডেন্ট। ঢাকার মার্কিন দূতাবাস চিঠিটি সম্প্রতি পররাষ্ট্র মন্ত্রণালয়ে হস্তান্তর করেছে। আজ রোববার দূতাবাস সূত্র জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছে। চিঠিতে মার্কিন প্রেসিডেন্ট লিখেছেন, 'যখন আমরা যুক্তরাষ্ট্র-বাংলাদেশের অংশীদারিত্বের পরবর্তী অধ্যায় শুরু করছি, তখন আমি আমার প্রশাসনের পক্ষ থেকে আঞ্চলিক ও বৈশ্বিক নিরাপত্তা, অর্থনৈতিক উন্নয়ন, জলবায়ু পরিবর্তন, এনার্জি, স্বাস্থ্য ব্যবস্থা, মানবিক সহায়তা বিশেষ করে রোহিঙ্গা শরনার্থীদের জন্যসহ অন্যান্য বিষয়ে একসঙ্গে কাজ করতে চাই।' বাইডেন বলেন, আমাদের দীর্ঘদিনের সাফল্যমণ্ডিত ইতিহাস রয়েছে এবং সমস্যা সমাধানে একসঙ্গে কাজ করেছি। দুই দেশের জনগণের বন্ধন আমাদের সম্পর্কের মূল ভিত্তি।' বাংলাদেশের অর্থনৈতিক লক্ষ্য অর্জনে সহযোগিতার কথা উল্লেখ করে মার্কিন প্রেসিডেন্ট শেখ হাসিনাকে লিখেছেন, 'বাংলাদেশের অর্থনৈতিক লক্ষ্য অর্জনে সহযোগিতা করার বিষয়ে যুক্তরাষ্ট্র প্রতিশ্রুতিবদ্ধ। বাংলাদেশের সঙ্গে আমাদের ভাগ করা অবাধ ও উন্মুক্ত ইন্দো-প্যাসিফিক ভিশনের অংশীদারিত্বে কাজ করতে চাই।'

(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ প্রতীক)

## মিয়ানমারের অভ্যন্তরীণ দ্বন্দ্বের কারণে আমরা ক্ষতিগ্রস্ত : সেতুমন্ত্রী

মিয়ানমারের অভ্যন্তরীণ দ্বন্দ্বের রেশ বাংলাদেশের সীমান্তে পড়ছে জানিয়ে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, 'মিয়ানমারে আরাকান আর্মিদের সঙ্গে দ্বন্দ্বের জন্য আমরা ক্ষতিগ্রস্ত।' আজ রোববার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী এ কথা বলেন। এর আগে বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন মন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। চীনের রাষ্ট্রদূতের সঙ্গে বৈঠকের বিষয়ে মন্ত্রী বলেন, 'রোহিঙ্গা ইস্যুতে চায়না একটি ভূমিকা নিতে পারে। রোহিঙ্গারা আমাদের জন্য একটি বিরাট বোঝা। এমনিতেই বৈশ্বিক কারণে আমরা সংকটে আছি। এদের জন্য যে সাহায্য আসতো সেটিও আগের থেকে অনেক কমে গেছে। তাদের ফিরিয়ে নেওয়ার বিষয়ে চীন ভূমিকা পালন করতে পারে। সেই বিষয়ে আমি বলেছি।' তিনি বলেন, 'এখন মিয়ানমারের যে অভ্যন্তরীণ দ্বন্দ্ব, আমাদের সীমান্ত এলাকা পর্যন্ত এর রেশ এসে গেছে। আমাদের সীমান্ত থেকে প্রায়শই গোলাগুলির আওয়াজ শুনতে পাওয়া যায়। একটা আতঙ্ক তো ছড়ায়। আমাদের সঙ্গে যুদ্ধ নয়, যুদ্ধটা তাদের অভ্যন্তরীণ। এ বিষয়ে আমরা চীনের হস্তক্ষেপ আশা করেছি।' চীনের রাষ্ট্রদূত সব কিছুতেই ইতিবাচকভাবে জবাব দিয়েছে বলেও জানান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।

এরই মধ্যে মিয়ানমারে ১৪ জন সীমান্তরক্ষী বাহিনীর সদস্য বাংলাদেশের বান্দরবানে আশ্রয় নিয়েছে, এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে তিনি বলেন, 'আমি এগুলো নিয়েই বলেছি।' এক প্রশ্নের জবাবে তিনি বলেন, 'ভূ-রাজনীতিতে ভারত এবং চীনের একটা শক্তি, বলয় রয়েছে। তাদের কনফ্লিক্ট অব ইন্টারেস্ট আছে। ওগুলোর মধ্যে আমরা নাক গলাতে যাই না। আমাদের ওগুলোর দরকার নাই। আমরা আমাদের স্বার্থ নিয়ে বলবো। প্রতিবেশি দেশ হিসেবে আমরা যেন তাদের অভ্যন্তরীণ দ্বন্দ্বের শিকার না হই। আমাদের যেন কোনো ক্ষতি না হয়। এখন মিয়ানমারে আরাকান আর্মিদের সঙ্গে কনফ্লিক্টের জন্য আমরা যে ক্ষতিগ্রস্ত। কিছু কিছু ক্ষতি তো আমাদের হচ্ছেই। কোনো কোনো সময় আমাদের আকাশ সীমা তারা অতিক্রম করছে, এমন রিপোর্টও আছে।' মন্ত্রী বলেন, 'সেই বিষয়গুলোতে তাদের একটু বেশি করে মনোযোগ দেওয়া উচিত। যেহেতু মিয়ানমারের সঙ্গে চায়নার একটা চমৎকার সম্পর্ক, সেজন্য চীন এখানে কোনো ভূমিকা পালন করতে পারে কি না, করলে আমরা উপকৃত হব। এটাই বলেছি।' রোববার সচিবালয়ে একজন মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে মার্কিন রাষ্ট্রদূত ফের নির্বাচন সুষ্ঠু ও অবাধ হয়নি বলে জানিয়েছেন। এ বিষয়ে ওবায়দুল কাদের বলেন, 'এর আগে ম্যাথিউ মিলার যা বলেছেন, পিটার হাসের বক্তব্য সেই একই। তবে তারা এটা বলেনি যে, এই নির্বাচন ত্রুটিপূর্ণ হয়েছে। এ ধরনের মন্তব্য তারা করেনি। এটা হলো চরম মন্তব্য। যে মন্তব্যটা করলে হয়তো খারাপ কিছুর আশঙ্কা করা যেত।' 'বিএনপি এবং সমমনারা নির্বাচনে অংশগ্রহণ করেনি তাই নির্বাচনটা খারাপ হবে, এটা তো মনে করার কোনো কারণ নেই। যাক, সম্পর্ক তো আছে। বিভিন্ন ক্ষেত্রে আমাদের যে দ্বিপাক্ষিক সম্পর্ক রয়েছে সেটার আরো অগ্রগতি হবে', বলেন ওবায়দুল কাদের।

নির্বাচন অবাধ এবং সুষ্ঠু হয়নি বলার পরও তাদের সঙ্গে কাজ করতে দ্বিধাদ্বন্দ্ব থাকবে কি না, জানতে চাইলে ওবায়দুল কাদের বলেন, 'কাজ করতে আবার দ্বিধাদ্বন্দ্বের কী আছে, তারা তো বলেছে তারা কাজ করতে আগ্রহী। আমরা গায়ে পড়ে সম্পর্ক খারাপ করবো না। কোনো প্রয়োজন তো নেই। সারা পৃথিবী এখন সংকটে। এ সময় গায়ে পড়ে ঝগড়া বাধানোর কোনো প্রয়োজন নাই। এতে কারো লাভ নেই। সম্পর্কটা থাকুক, সামনে আরো উন্নয়ন হবে সম্পর্কের। এটা যার যার স্বার্থেই আমাদের প্রয়োজন। আমেরিকারও ইন্টারেস্ট আছে, আমাদেরও আছে।'

(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ প্রতীক)

## পরিবেশমন্ত্রীর সঙ্গে মার্কিন রাষ্ট্রদূতের বৈঠক, ভোট সুষ্ঠু হয়নি দাবি করে সম্পর্ক এগোতে চায় যুক্তরাষ্ট্র

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু হয়নি বলে ফের দাবি করেছে মার্কিন যুক্তরাষ্ট্র। এরপরও দেশটি বাংলাদেশ সরকারের সঙ্গে তাদের সম্পর্ক এগিয়ে নিতে চায়। আজ রোববার সচিবালয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী সাবের

হোসেন চৌধুরীর সঙ্গে সাক্ষাৎ করে বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস তাদের এ অবস্থানের কথা জানান। বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন সাবের হোসেন চৌধুরী ও পিটার হাস। মার্কিন রাষ্ট্রদূত সাংবাদিকদের জানান, 'যদিও নির্বাচন অবাধ ও সুষ্ঠু হয়নি এরপরও কিছু ইস্যুতে আমরা একসাথে কাজ করতে চাই। এর মধ্যে জলবায়ু পরিবর্তনসহ পরিবেশ ইস্যুতে একসাথে কাজ করবে যুক্তরাষ্ট্র।' পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী বলেন, 'আমি যদি আজকের মিটিংয়ের কথা বলি। দুটি দেশের মধ্যে সম্পর্ক থাকে। সেখানে আমরা সব বিষয়ে যে একমত হবো এমন না। কিছু কিছু জায়গায় আমাদের ভিন্ন মত থাকতেই পারে।' সাবের হোসেন চৌধুরী বলেন, 'নির্বাচন নিয়ে তাদের একটা স্টেটমেন্ট, আমরা মনে করি বাংলাদেশের নির্বাচন অবাধ ও নিরপেক্ষ হয়নি, তারপরও আমরা চাই বাংলাদেশের সঙ্গে সম্পর্ক যেন এগিয়ে যায়।' 'আমাদের দিক থেকে তাদের সঙ্গে সম্পর্ক আরো সুদৃঢ় করবো, সেই বিষয় নিয়ে আমরা আলোচনা করেছি', বলেন সাবের হোসেন চৌধুরী। এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, 'আমরা আমাদের অবস্থান জানিয়ে দিয়েছি। তবে তাদের এ বক্তব্য এমন কিছু না যে, আমাদের ভবিষ্যৎ সম্পর্ককে বাধাগ্রস্ত করবে না।' যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক অনেক গভীর।' জলবায়ুর চ্যালেঞ্জ মোকাবিলায় ১৫ বিলিয়ন ডলার ফান্ড গঠনে যুক্তরাষ্ট্র পার্টনার হিসেবে কাজ করবে বলেও জানান পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী।

(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ প্রতীক)

**ইউনূসকে অহেতুক গ্রেফতার বা কারাগারে পাঠানোর কোনো পরিকল্পনা সরকারের নেই : আইনমন্ত্রী**

নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসকে অহেতুক গ্রেফতার বা কারাগারে পাঠানোর কোনো পরিকল্পনা সরকারের নেই বলে মন্তব্য করেছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক। আজ রোববার সহকারী জজ ও সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাদের বুনিয়াদি ও প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠানের উদবোধনী অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি। তবে আদালত ড. ইউনূসের বিরুদ্ধে যে রায় দেবেন তা বাস্তবায়ন করার দায়িত্ব সরকারের সংশ্লিষ্টদের বলেও জানান আইনমন্ত্রী। রাজধানীর বিচার, প্রশাসন ও প্রশিক্ষণ ইনস্টিটিউটে আয়োজিত সহকারী জজ ও সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাদের ৪৯তম বুনিয়াদি ও প্রশিক্ষণ কোর্স শুরু হয়েছে ৩ ফেব্রুয়ারি। চলবে ১ জুন পর্যন্ত। প্রশিক্ষণ কোর্সের উদবোধনী অনুষ্ঠান সভাপতিত্ব করেন বিচার, প্রশাসন ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের মহাপরিচালক ও আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি নাজমুন আরা সুলতানা। বিশেষ অতিথি ছিলেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মোঃ গোলাম সারোয়ার।

(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ প্রতীক)

**আশ্রয় নেওয়া ১৪ বিজিপি সদস্যকে ফিরিয়ে দেওয়ার চেষ্টা চলছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

মিয়ানমারের ভেতরে ভয়াবহ গোলাগুলির মধ্যে বাংলাদেশে আশ্রয় নেওয়া দেশটির সীমান্তরক্ষী বাহিনী, বিজিপির ১৪ জন সদস্যকে ফিরিয়ে দেওয়ার চেষ্টা চলছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। আজ রোববার সচিবালয়ে নিজ দফতরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন মন্ত্রী। বাংলাদেশের বান্দরবানের তমব্রু সীমান্তের ওপারে মিয়ানমারে ভয়াবহ গোলাগুলি চলছে। ১০ ঘন্টারও বেশি সময় ধরে চলমান গোলাগুলিতে কম্পিত পুরো সীমান্ত এলাকা। গোলাগুলির ভয়াবহতা দেখে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিয়েছেন মিয়ানমারের ১৪ জন বিজিপি সদস্য। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'বিজিপির একের পর এক ঘাঁটি দখল করে নিচ্ছে আরাকান আর্মি। আমাদের বর্ডারের কাছে যেগুলো ছিল সেগুলো দখল করে নিয়েছে। বিজিপি আত্মরক্ষার্থে ভেতরে ঢুকে সহযোগিতা চেয়েছে। বিজিবি তাদের অবরুদ্ধ করেছেন তাদের অস্ত্র নিয়ে এক জায়গায় আটক করে রাখা হয়েছে। এরা মোট সংখ্যায় ১৪ জন।' তারা আত্মরক্ষার্থে বাংলাদেশে ঢুকেছে জানিয়ে আসাদুজ্জামান খান বলেন, 'পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মিয়ানমারের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে। যাতে তারা এদের নিয়ে যান।' মন্ত্রী বলেন, 'পররাষ্ট্র মন্ত্রণালয় ব্যবস্থা নিচ্ছে। আমি আশাকরি, খুব শিগগিরই এদের পাঠিয়ে দেবো। আমরা কোনো যুদ্ধে জড়াতে চাই না, যুদ্ধ চাইও না। আমাদের প্রধানমন্ত্রী আমাদের সবসময় সেই নির্দেশনা দিয়ে থাকেন। তবে আমরা সবসময় তৈরি আছি।' তিনি বলেন, 'আমরা মিয়ানমার সীমান্তে শক্তি বৃদ্ধি করেছি। আমরা পুলিশকে বলে দিয়েছি, কোস্টগার্ডকেও আমরা নির্দেশনা দিয়েছি। যাতে কোনোভাবেই কেউ আমাদের সীমানায় অনুপ্রবেশ করতে না পারে। সেই ব্যাপারে আমরা খুব সতর্ক রয়েছি। যুদ্ধ কতদিন চলে আমরা জানি না। কিন্তু সীমান্ত পার হয়ে কাউকে আসতে দেবো না। বিজিবিকে আমরা সেই নির্দেশনাটাই দিয়েছি।' আত্মরক্ষার্থে মিয়ানমারের সরকারি বাহিনী বাংলাদেশে ঢুকলে তাদের ধরে আবার ফেরত পাঠানো হবে বলেও জানিয়েছেন আসাদুজ্জামান খান। মিয়ানমারের অভ্যন্তরীণ এ দ্বান্দ্বিক পরিস্থিতি রোহিঙ্গা প্রত্যাবাসনে প্রতিবন্ধকতা হতে পারে জানিয়ে তিনি বলেন, 'তারপরও রোহিঙ্গাদের ফেরত পাঠাতে সরকারের সব ধরনের প্রচেষ্টা অব্যাহত থাকবে।'

(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ প্রতীক)

**অনলাইন জুয়ার অ্যাপস পুরোপুরি বন্ধ করা হবে : তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী**

অনলাইন জুয়ার সব অ্যাপস পুরোপুরি বন্ধ করে দেওয়া হবে বলে জানিয়েছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। তিনি বলেন, 'অনলাইন জুয়ার অ্যাপস শতভাগ বন্ধ করা হবে। সামাজিক যোগাযোগমাধ্যমে অবৈধ প্রোপাগান্ডা ব্যক্তি, প্রতিষ্ঠান ও রাষ্ট্রের জন্য ভয়ংকর ক্ষতিকর। যেকোনো মূল্যে তা বন্ধ করতে সংশ্লিষ্টদের জোরালো উদ্যোগ নিতে হবে।' আজ রোববার রাজধানীর তেজগাঁওয়ে টেলিযোগাযোগ অধিদপ্তরের

সদরদপ্তরে স্থাপিত সাইবার থ্রেড ডিটেনশন এ্যান্ড রেসপন্স সেন্টার পরিদর্শনকালে এ কথা বলেন তিনি। এর আগে প্রতিমন্ত্রী টেলিযোগাযোগ অধিদফতরের সম্মেলনকক্ষে অধিদফতরের কর্মকর্তাদের সঙ্গে মত বিনিময় করেন। সভায় স্বল্প সম্পদ ব্যবহারের মাধ্যমে কীভাবে ভালো ফল পাওয়া যায়, সে বিষয়ে কর্মকর্তাদের দিক-নির্দেশনা দেন। সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব আবু হেনা মোরশেদ জামান, অতিরিক্ত সচিব মোহাম্মদ গোলাম সরওয়ার-ই কায়নাত, টেলিযোগাযোগ অধিদফতরের মহাপরিচালক মোঃ রফিকুল ইসলাম, অতিরিক্ত মহাপরিচালক মোঃ সাহাব উদ্দিন প্রমুখ। মত বিনিময় সভায় জুনাইদ আহমেদ পলক বলেন, 'নতুন বছরে আমাদের সামনে নতুন রূপকল্প দিয়েছেন বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলার আধুনিকরূপ, দক্ষ মানবসম্পদ, ক্যাশলেস এবং পেপারলেস সমাজ ও সরকার ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ করতে চান তিনি। প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ রূপকল্প ২০৪১ বাস্তবায়নের জন্য আগামী ৫ বছর খুব গুরুত্বপূর্ণ।' তিনি বলেন, 'আগামী ১৭ বছরে কীভাবে আমরা স্মার্ট বাংলাদেশ রূপকল্প বাস্তবায়ন করবো, সামনের ৫ বছরেই তার ভিত্তি তৈরি করতে হবে। স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট সোসাইটি ও স্মার্ট গভর্নমেন্ট, এ চারটি স্তম্ভের ওপর ভিত্তি করে স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে টেলিযোগাযোগ বিভাগের ভূমিকা কী হবে, পরিকল্পনা কী ও প্রধানমন্ত্রীর রূপকল্পের সঙ্গে কতটা সম্পৃক্ত তা বিবেচনা করে আমাদের কর্মপরিকল্পনা তৈরি করতে হবে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ প্রতীক)

## সংসদ নির্বাচনে গণমাধ্যম চমৎকার ভূমিকা পালন করেছে : সিইসি

গত জাতীয় সংসদ নির্বাচনে গণমাধ্যম চমৎকার ভূমিকা পালন করেছে বলে মন্তব্য করেছেন প্রধান নির্বাচন কমিশনার, সিইসি কাজী হাবিবুল আউয়াল। আজ রোববার নির্বাচন ভবনে নির্বাচন কমিশনে কর্মরত সাংবাদিকদের সংগঠন রিপোর্টার্স ফোরাম ফর ইলেকশন এ্যান্ড ডেমোক্রেসি, আরএফইডি আয়োজিত সাংবাদিক হোসাইন জাকির বেস্ট রিপোর্টিং অ্যাওয়ার্ড ২০২৩ ও আরএফইডি-এর ওয়েবসাইটের উদবোধনী অনুষ্ঠানে সিইসি এ কথা বলেন। কাজী হাবিবুল আউয়াল বলেন, 'গণমাধ্যমের গুরুত্ব অনেক, রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ। যখন সংসদ অকার্যকর থাকে তখন গণমাধ্যম কথা বলে। নির্বাচনে গণমাধ্যমের অনেক সহযোগিতা পেয়েছি। গণমাধ্যম যে স্বচ্ছতা প্রকাশ করে তা গুরুত্বপূর্ণ। গণমাধ্যম কর্মীদের অনেক ঝুঁকি নিতে হয়। তাদের পেশার প্রতি সবসময় শ্রদ্ধা।' তিনি আরো বলেন, 'গত নির্বাচনে গণমাধ্যম ভালো ভূমিকা পালন করেছে। নানা চ্যানেল থেকে আমরা তথ্য পেয়েছি এবং সেই মোতাবেক কাজ করেছি।' অনুষ্ঠানে ইসি মোঃ আনিছুর রহমান বলেন, 'গত নির্বাচনে নানা কারণে আমরা চাহিদা মোতাবেক কথা বলতে পারিনি। তারপরও সাংবাদিকদের কাছ থেকে যে সহায়তা পেয়েছি তা অভূতপূর্ব। গত নির্বাচনের রিপোর্টিং ভালো হয়েছে, নেতিবাচক ছিল না, এনকারেজিং ছিল।' আরএফইডি প্রয়াত সাংবাদিক হোসাইন জাকিরের নামে এ বছর পুরস্কারটি চালু করে। প্রথম বছর 'নির্বাচন ও গণতন্ত্র' বিষয়ে পত্রিকা ক্যাটাগরিতে যুগান্তরের জ্যেষ্ঠ প্রতিবেদক কাজী জেবেল এবং টেলিভিশন ক্যাটাগরিতে ডিবিসি নিউজের সিনিয়র রিপোর্টার কাওসারা চৌধুরী কুমু ও বাংলানিউজের সিনিয়র কারেসপন্ডেন্ট ইকরাম-উদ দৌলা পুরস্কার পেয়েছেন। অনুষ্ঠানে অন্যদের মধ্যে নির্বাচন কমিশনার মোঃ আলমগীর, ইসি সচিব মোঃ জাহাংগীর আলম, জুরি বোর্ডের সদস্য সাংবাদিক শেখ নজরুল ইসলাম, আশিষ সৈকত ও মহিউদ্দিন জুয়েল, আরএফইডি-এর সভাপতি সাইদুর রহমান, সাধারণ সম্পাদক মুকিমুল আহসান হিমেলসহ সংগঠনটির অন্য সদস্যরা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ প্রতীক)

## ১২ কেজি এলপিজির দাম বেড়ে ১ হাজার ৪৭৪ টাকা

আবারো বাড়লো তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস, এলপিজি সিলিন্ডারের দাম। ভোক্তা পর্যায়ে ১২ কেজির প্রতিটি সিলিন্ডারের দাম ৪১ টাকা বাড়িয়ে ১ হাজার ৪৭৪ টাকা নির্ধারণ করেছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন, বিইআরসি। আজ রোববার বিকেল ৩টায় নতুন দর ঘোষণা করে বিইআরসি। যা সন্ধ্যা থেকেই কার্যকর হবে। এছাড়া ভোক্তা পর্যায়ে বোতলজাত করা এলপিজির ৫ দশমিক ৫ কেজির দাম ৬৭৬ টাকা, ১২ দশমিক ৫ কেজি ১ হাজার ৫৩৬ টাকা, ১৫ কেজি ১ হাজার ৮৪৩ টাকা, ১৬ কেজি ১ হাজার ৯৬৬ টাকা, ১৮ কেজি ২ হাজার ২১১ টাকা, ২০ কেজি ২ হাজার ৪৫৭ টাকা, ২২ কেজি ২ হাজার ৭০৩ টাকা, ২৫ কেজি ৩ হাজার ৭২ টাকা, ৩০ কেজি ৩ হাজার ৬৮৬ টাকা, ৩৩ কেজি ৪ হাজার ৫৪ টাকা, ৩৫ কেজি ৪ হাজার ৩০০ টাকা ও ৪৫ কেজির এলপিজির দাম ৫ হাজার ৫২৯ টাকা নির্ধারণ করা হয়েছে। বিইআরসির ঘোষণায় বলা হয়, বেসরকারি এলপিজির রিটেইলার পয়েন্টে মূসকসহ প্রতিকেজির মূল্য ১২২ টাকা ৮৬ পয়সায় সমন্বয় করা হয়েছে। এছাড়া রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহ করা বেসরকারি এলপিজির মূসকসহ প্রতি কেজির মূল্য ১১৯ টাকা ৪ পয়সায় সমন্বয় করা হয়েছে। এছাড়া মূসকসহ অটোগ্যাসের প্রতি লিটারের মূল্য ৬৭ টাকা ৬৮ পয়সায় সমন্বয় করা হয়েছে।
(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ প্রতীক)

## সাগর-রুনি হত্যাকাণ্ডের বিচার হবে, হতাশার কিছু নেই : আইনমন্ত্রী

সাংবাদিক দম্পতি সাগর-রুনি হত্যাকাণ্ডের বিচার হবে, হতাশ হবার কিছু নেই বলে মন্তব্য করেছেন আইনমন্ত্রী আনিসুল হক। আজ রোববার সহকারী জজ ও সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাদের বুনিয়াদি ও প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠানের উদবোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন। রাজধানীর বিচার, প্রশাসন ও প্রশিক্ষণ

ইনস্টিটিউটে আয়োজিত সহকারী জজ ও সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাদের ৪৯তম বুনিয়াদি ও প্রশিক্ষণ কোর্স ৩ ফেব্রুয়ারি থেকে ১ জুন পর্যন্ত চলবে। প্রশিক্ষণ কোর্সের উদবোধনী অনুষ্ঠানে বিচার, প্রশাসন ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের মহাপরিচালক ও আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি নাজমুন আরা সুলতানা সভাপতিত্ব করেন। এতে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মোঃ গোলাম সারোয়ার।
(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ প্রতীক)

## টাঙ্গাইল শাড়ির জিআই পেতে দ্রুত ব্যবস্থা : পাটমন্ত্রী

টাঙ্গাইল শাড়ির প্যাটেন্ট, জিআই সনদ পেতে দ্রুত কার্যকর ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন বস্ত্র ও পাটমন্ত্রী জাহাঙ্গীর কবির নানক। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, 'আমরা বাংলাদেশের টাঙ্গাইল শাড়ির প্যাটেন্ট পেতে দ্রুত কার্যকর ব্যবস্থা নেবো। এ বিষয়ে সংশ্লিষ্ট সবার সঙ্গে মিটিং করে নির্দেশনা দেওয়া হয়েছে।' আজ রোববার দুপুরে পাট অধিদফতর পরিদর্শন শেষে সাংবাদিকদের এ কথা বলেন মন্ত্রী। এসময় বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব মোঃ আব্দুর রউফ, পাট অধিদফতরের মহাপরিচালক ড. সেলিনা হোসেন ও মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। মন্ত্রণালয় ও পাট অধিদফতরের কর্মকর্তাদের উদ্দেশে মন্ত্রী বলেন, 'কৃষকদের কাঁচা পাটের উপযুক্ত দাম নিশ্চিত করতে মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য বন্ধ করতে ব্যবস্থা নিতে হবে। পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ অনুযায়ী ১৯টা পণ্যে পাটের বস্তা ব্যবহার বাধ্যতামূলক রয়েছে। এসব পণ্যে কেউ যদি প্লাস্টিকের ব্যবহার করে তাহলে আইনি ব্যবস্থা আরো জোরদার করবেন।' মন্ত্রী আরো বলেন, 'পাটচাষ নিশ্চিতে বীজ সরবরাহ সঠিক রাখার পাশাপাশি কৃষককে অন্যান্য উপকরণ সহায়তার জন্য সাম্প্রতিক বছরগুলোতে পাটের উৎপাদন বহুগুণে বেড়েছে। দেশে প্রয়োজনীয় কাঁচাপাট সরবরাহ নিশ্চিতে এবং পাট ও পাটজাত পণ্য রফতানির ধারা বেগবান করার লক্ষ্যে সর্বদা পাটের বাজার দর পর্যবেক্ষণে রাখা হচ্ছে। ফলশ্রুতিতে পাটকলসমূহ নিরবচ্ছিন্নভাবে পাট সংগ্রহ করতে পারছে যা রফতানি আয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।' পাট খাতকে সমৃদ্ধ ও আধুনিক করতে সময়োপযোগী পৃষ্ঠপোষকতা অব্যাহত রয়েছে উল্লেখ করে মন্ত্রী বলেন, 'বর্তমানে বহুমুখী পাটজাত পণ্য রফতানি খাতে নগদ সহায়তা প্রদানের পাশাপাশি পাট খাতের অংশীজনদের নীতি সহায়তা প্রদান করা হচ্ছে।' তিনি বলেন, 'পাটখাতে সরকারের নানামুখী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ফলে জাতীয় অর্থনীতিতে এ খাতটি অসামান্য অবদান রাখছে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ প্রতীক)

## এক বছরের মধ্যে দেশের জলাভূমির ম্যাপিং করা হবে : পরিবেশমন্ত্রী

জলাভূমি সংরক্ষণে আগামী এক বছরের মধ্যে দেশের জলাভূমির ম্যাপিং করা হবে। এছাড়া জলজ সম্পদের সুষ্ঠু ব্যবহারের লক্ষ্যে ইনভেন্টরি করা হবে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী সাবের হোসেন চৌধুরী এসব কথা জানান। বিশ্ব জলাভূমি দিবস উপলক্ষে আজ রোববার বন অধিদফতরে এক সেমিনারে এ কথা জানান মন্ত্রী। পরিবেশমন্ত্রী বলেন, 'জলাভূমি আমাদের পরিবেশের একটি গুরুত্বপূর্ণ অংশ। এটি জীববৈচিত্র্য রক্ষা, জলবায়ু নিয়ন্ত্রণ, বন্যা নিয়ন্ত্রণ এবং জীবিকা নির্বাহের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সরকার জলাভূমি রক্ষার জন্য বিভিন্ন কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে।' অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ, পরিবেশ অধিদফতরের মহাপরিচালক ড. আবদুল হামিদ। এসময় আরো উপস্থিত ছিলেন, সেন্টার ফর ন্যাচারাল রিসোর্স স্টাডিজের নির্বাহী পরিচালক ড. এম. মোখলেছুর রহমান, প্রকৃতি ও জীবন ফাউন্ডেশনের চেয়ারম্যান মজুমদার বাবু প্রমুখ। (জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ প্রতীক)

## ডেঙ্গু নিধনে কর্মপরিকল্পনা গ্রহণে জেলা প্রশাসকদের নির্দেশ দেওয়া হয়েছে : স্থানীয় সরকারমন্ত্রী

ডেঙ্গু নিধনে কর্মপরিকল্পনা গ্রহণে জেলা প্রশাসকদের নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী তাজুল ইসলাম। আজ রোববার সংসদ অধিবেশনে আওয়ামী লীগের সংসদ সদস্য এম. আবদুল লতিফের এক প্রশ্নের লিখিত উত্তরে স্থানীয় সরকারমন্ত্রী এ কথা জানান। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী অধিবেশনে সভাপতিত্ব করেন। তাজুল ইসলাম বলেন, 'স্থানীয় সরকার বিভাগের আওতায় সারাদেশে মশা নিধনের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম নেওয়া হয়েছে। এর মধ্যে সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের লক্ষ্যে সিটি কর্পোরেশনসহ সারাদেশে কার্যক্রম চলমান। ২০২১ সালে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। নির্দেশকায় সিটি কর্পোরেশন থেকে শুরু করে ইউনিয়ন পরিষদ পর্যন্ত সব অংশীজনের বার্ষিক কর্মপরিকল্পনা এবং দায়িত্ব সুনির্দিষ্ট করা হয়েছে। ডেঙ্গুসহ অন্যান্য মশাবাহিত রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা অনুযায়ী জেলা কমিটির জরুরি সভা আয়োজনসহ এডিস মশা নিধনে কর্মপরিকল্পনা গ্রহণের জন্য সব জেলা প্রশাসককে নির্দেশনা প্রদান করা হয়েছে।' তিনি বলেন, নির্দেশিনা অনুযায়ী সব জেলা হতে কর্মপরিকল্পনা পাওয়া গেছে। ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটি এবং এ সংক্রান্ত অন্যান্য কমিটির সভায় কর্মপরিকল্পনাসমূহ নিয়মিত আলোচনা করা হয়। জেলা পর্যায়ে ডেঙ্গু রোগ প্রতিরোধে গৃহীত কার্যক্রম পরিচালক ও উপ-পরিচালকরা সমন্বয় ও মনিটরিং করেন।' তাজুল ইসলাম বলেন, 'সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে গৃহীত কার্যক্রম পর্যালোচনার লক্ষ্যে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটির সভা প্রতি দুই মাস অন্তর অনুষ্ঠিত হয়। মন্ত্রীর সভাপতিত্বে গত ১৭ জানুয়ারি বর্ণিত জাতীয় কমিটির ২০২৪ সালের

প্রথম সভা অনুষ্ঠিত হয়। যেখানে কমিটির সদস্যদের পাশাপাশি সব পরিচালক ভার্চুয়াল প্ল্যাটফর্মে যুক্ত ছিলেন।' সভায় মন্ত্রী দেশের সব ব্যাংক, হাসপাতাল, শিক্ষাপ্রতিষ্ঠান, ব্যবসায়িক প্রতিষ্ঠান, সরকারি অফিস ও আবাসিক এলাকা এবং এরচারপাশেরপরিবেশ নিয়মতি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ দেশের সব সিটি কর্পোরেশন/বিভাগ/জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ে সারাবছর পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করেন। ডেঙ্গুসহ অন্যান্য মশাবাহিত রোগ প্রতিরোধে সব সরকারি/আধা সরকারি/বেসরকারি অফিস, আদালত, হাসপাতাল, ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ও শিক্ষাপ্রতিষ্ঠানের আঙ্গিনা ও চারপাশের পরিবেশ নিজ উদ্যোগে/প্রয়োজনে সিটি কর্পোরেশনের সহযোগিতায় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য সব মন্ত্রণালয়/বিভাগ বরাবর ডিও পত্র প্রেরণ করা হয়েছে। মন্ত্রী বলেন, 'বর্তমান অর্থবছরে স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেটের আওতায় ডেঙ্গু মোকাবিলা, পরিচ্ছন্নতা কার্যক্রম ও প্রচার খাতে সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে ৪০ কোটি টাকা এবং পৌরসভাসমূহের অনুকূলে ২০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। সব শিক্ষাপ্রতিষ্ঠানের আঙিনা ও চারপাশের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ সচেতনতা বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া প্রতি শুক্রবার জুমার নামাজের খুতবার সময় মসজিদে ইমামদের মাধ্যমে ডেঙ্গু রোগ সম্পর্কে সচেতনতামূলক প্রচারণা চালানোর নির্দেশনা প্রদান করা হয়েছে। এডিস মশার প্রজননক্ষেত্র যাতে তৈরি হতে না পারে এজন্য স্থানীয় সরকার বিভাগের আওতায় ২০১৯ সাল থেকে সারাদেশে পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। কর্মসূচি বাস্তবায়নের জন্য স্থানীয় বিভাগ কর্তৃক জেলা/উপজেলা পর্যায়ে কমিটি গঠন করা হয়েছে। বর্ণিত কমিটি পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর কর্মসূচি অব্যাহত রেখেছে। ইউনিসেফ বাংলাদেশের সহযোগিতায় স্থানীয় সরকার বিভাগের আয়োজনে ২০২৩ সালের ২৯ অক্টোবর থেকে ২০২৩ সালের ৪ নভেম্বর পর্যন্ত দেশব্যাপী ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা সপ্তাহ ২০২৩ পালন করা হয়েছে। (জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ প্রতীক)

## নারায়ণগঞ্জে 'ছয় দফা' নামে ভবন চান শামীম ওসমান

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির কথা মাথায় রেখে নারায়ণগঞ্জে 'ছয় দফা' নামে ভবন নির্মাণের প্রস্তাব করেছেন স্থানীয় সংসদ সদস্য এ কে এম শামীম ওসমান। আজ রোববার দ্বাদশ জাতীয় সংসদের অধিবেশনে এ প্রস্তাব উত্থাপন করেন শামীম ওসমান। এ সময় সভাপতিত্ব করেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। স্পিকার বলেন, 'যারা জাতির জনকের ছয় দফার সঙ্গে যুক্ত ছিলেন, সিনিয়র নেতা এবং প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জাতির জনক নারায়ণগঞ্জে গিয়ে ছয় দফা ঘোষণা করেছিলেন। সেখানে একটি বালুর মাঠ ছিল। সেখানে ঘোষণা দেওয়ার পর বঙ্গবন্ধু গ্রেফতার হয়েছিলেন। জিয়াউর রহমান ক্ষমতায় এসে ওটার স্মৃতিকে ভুলিয়ে রাখতে নারায়ণগঞ্জ মিলনায়তন নামে একটি অডিটোরিয়াম করেন। আমরা বাধা দিয়েছিলাম, মার খেয়েছিলাম। আমাদের অনেকে জেলেও গেছিলাম, আমরা এটাকে ঠেকাতে পারিনি। খালেদা জিয়া এসে সেটাকে আবার জিয়া হল নাম দেন, সুপ্রিম কোর্ট থেকে যেটাকে বলা হয়েছে অবৈধ ক্ষমতা তার একটা বিশাল ছবি টাঙিয়ে, পাথরের একটি মূর্তি বানিয়ে সেখানে রাখা হয়েছে। এ জায়গাটা হচ্ছে জেলা প্রশাসকের অধীনে।' শামীম ওসমান বলেন, 'জেলা প্রশাসন আপনার, স্থানীয় সরকারমন্ত্রীর আন্ডারে। নারায়ণগঞ্জের মানুষের দাবি জাতির জনকের পদচিহ্ন সেখানে পড়েছিল, ছয় দফা আমাদের স্বাধীনতার সনদ ছিল। আমরা চাই নারায়ণগঞ্জে আপনার তত্ত্বাবধানে, জেলা পরিষদের মাধ্যমে সেখানে একটি ভবন হোক এবং সেটির নাম ছয় দফা ভবন রাখা হোক। তাহলে নারায়ণগঞ্জের মানুষের সঙ্গে সঙ্গে দেশের মানুষও গর্বিত হবে।' জবাবে স্থানীয় সরকারমন্ত্রী তাজুল ইসলাম বলেন, 'জাতির জনক শেখ মুজিবুর রহমান দেশের প্রতিষ্ঠাতা, তিনি স্বপ্ন দেখেছেন একটি উন্নত বাংলাদেশের। বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত সব স্থান আমাদের সবার কাছে স্পর্শকাতর এবং মর্যাদার। আমি জাতির জনকের আদর্শের একজন সৈনিক হিসেবে বঙ্গন্ধুর কোনো বিষয়ে যদি কোথাও কোনো নূন্যতম অসম্মান দেখি সেটা অবশ্যই গোটা জাতি বরদাস্ত করবে না। জনপ্রতিনিধিরা নির্বাচিত হয়েছেন জনগণের দ্বারা। বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত সে স্থানকে মর্যাদার জায়গার নেওয়ার জন্য যে কোনো পদক্ষেপ নেবেন সেখানে আমি অগ্রণী ভূমিকা রাখবো।'
(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ প্রতীক)

## গত ২৪ ঘণ্টায় নতুন করে ৩৯ জনের শরীরে করোনা ভাইরাস শনাক্ত

দেশে ক্রমেই বাড়ছে করোনা ভাইরাসে আক্রান্তের সংখ্যা। গত ২৪ ঘণ্টায় নতুন করে ৩৯ জনের শরীরে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। এ সময়ে দেশে করোনায় কারো মৃত্যুর তথ্য জানা যায়নি। তবে মহামারির শুরু থেকে এ পর্যন্ত দেশে করোনায় মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ২৯ হাজার ৪৮২ জনে। আর আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৭ হাজার ২৯৭ জনে। আজ রোববার স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সারাদেশে গত ২৪ ঘণ্টায় ৮৮৫টি পরীক্ষাগারে ৬৩২টি নমুনা পরীক্ষায় ৩৯ জনের করোনা শনাক্ত হয়। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৬ দশমিক ১৭ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৮ শতাংশ।গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্তদের মধ্যে থেকে সেরে উঠেছেন ৩২ জন। এ নিয়ে মোট সুস্থ রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২০ লাখ ১৪ হাজার ৫১০ জনে। সুস্থতার হার ৯৮ দশমিক ৪০ শতাংশ। (জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ প্রতীক)

# BBC

**IRAN SAYS SYRIA AND IRAQ STRIKES ARE STRATEGIC MISTAKE**

Iran has called US air strikes on Iraq and Syria a strategic mistake after 85 targets were hit across the region on Friday. The US launched retaliatory strikes in response to last week's drone attack on a US military base that killed three American soldiers. The White House blamed the drone attack on an Iran-backed militia group. The US and UK also launched a new round of joint strikes on Houthi targets in Yemen on Saturday. Iran's foreign ministry said the strikes on Iraq and Syria will have no result other than intensifying tensions and instability in the region. (BBC Web Page: 04/02/24, FARUK)

**AT LEAST 51 DEAD IN CHILE WILDFIRES: OFFICIALS**

At least 51 people were killed by forest fires in Chile's Valparaiso region, local authorities have said. President Gabriel Boric declared a state of emergency and said he would make all necessary resources available to tackle the situation. It is believed to be Chile's deadliest forest fire on record. Many of those affected were visiting the coastal region during the summer holidays. A health alert was put in place in Valparaiso by the health ministry. The Chilean government has urged people not to travel to the areas impacted by the fires.
(BBC Web Page: 04/02/24, FARUK)

**BIDEN WINS SOUTH CAROLINA DEMOCRATIC PRIMARY**

US President Joe Biden will win South Carolina's Democratic primary, the BBC's US partner CBS has projected. In what appeared to be a victory statement, Mr Biden pledged to make Republican Donald Trump a loser. The vote marked the first official Democratic party primary ahead of this year's presidential election. President Biden faces little competition for his party's nomination and was on track for an overwhelming victory in South Carolina. The president recalled how South Carolina voters breathed life into his 2020 campaign and said he had no doubt they would set him on the path to winning the presidency in 2024.
(BBC Web Page: 04/02/24, FARUK)

**NO MORE EASY DEALS FOR RUSSIAN CONVICTS FREED TO FIGHT**

Russia has been releasing to fight in Ukraine for more than a year, originally offering them a pardon and freedom after six months, even if they have been convicted of a violent crime. But the BBC has discovered this deal is a thing of the past. Now, they no longer get a pardon, face tougher conditions and instead of going home early, they must fight until the end of the war. "If you sign up now, be ready to die," writes a man called Sergei in a chatroom for former Russian prisoners fighting in Ukraine. He says that since October he's been part of a new type of army unit with the name "Storm V" which convicts are now being assigned to. (BBC Web Page: 04/02/24, FARUK)

**NAMIBIA PRESIDENT HAGE GEINGOB DIES AGED 82**

Namibia's President Hage Geingob has died at the age of 82 while receiving medical treatment at a hospital in the capital, Windhoek. A veteran of the country's independence struggle, Mr Geingob had been diagnosed with cancer and revealed the details to the public last month. He died early on Sunday with his wife and children by his side, Vice-President Nangolo Mbumba announced. Namibia "has lost... a distinguished servant of the people", he said. He was first sworn-in as president in 2015, but had served in top political positions since independence in 1990. (BBC Web Page: 04/02/24, FARUK)

**SENEGAL'S PRESIDENT DELAYS ELECTION AMID TENSION**

Senegal's President Macky Sall has postponed this month's elections following complaints after dozens of candidates were barred from standing. The two-term president, who reiterated that he would not be seeking re-election, did not set a new date. Amid controversy, a constitutional council had prevented several hopefuls 6 including some high-profile politicians - from running. Mr Sall said "these troubled conditions could gravely hurt" the ballot. An opposition candidate called the president's decision to postpone the election a constitutional coup. (BBC Web Page: 04/02/24, FARUK)

**SHAPPS SAYS NEW STRIKES ON YEMEN NOT AN ESCALATION**

The latest round of strikes on Houthi targets in Yemen are not an escalation of the conflict, Defence Secretary Grant Shapps has said. The Ministry of Defence confirmed that three sites were hit by RAF Typhoon jets on Saturday night. More than 30 targets were struck in the third wave of joint UK and US attacks on the Iran-backed group. It comes after the US hit sites Syria and Iraq on Friday, following a deadly attack on a US military base. On Saturday,

36 Houthi targets across 13 locations in Yemen were hit by air strikes from a coalition of eight countries. (BBC Web Page: 04/02/24, FARUK)

**UK FORCES NOT READY FOR INTENSIVE WAR: MPS WARN**

The UK's armed forces will not be ready for a "high-intensity" war unless shortages in personnel and equipment are rapidly addressed, MPs have warned. The Commons defence committee said personnel were leaving faster than they could be recruited, and the offer to them had to be improved. A "vicious cycle" needed to be broken to allow the UK to face increasingly challenging threats, it added. Increasing recruitment and improving retention was a priority, the MoD said. (BBC Web Page: 04/02/24, FARUK)

**RUSSIA SAYS DEATH TOLL IN UKRAINE SHELLING OF BAKERY RISES TO 28**

Russia says at least 28 people have been killed after Ukrainian forces shelled a bakery in the city of Lysychansk in the occupied eastern region of Luhansk, with the Ministry of Civil Defence, Emergencies and Disaster Relief saying at least one child was among the deceased. Russian Ministry of Foreign Affairs spokesperson Maria Zakharova said on Sunday that dozens of civilians were inside the building when Ukraine hit it using the US-supplied High Mobility Artillery Rocket System (HIMARS). Foreign Ministry's Zakharova also said Moscow expects "quick and unconditional condemnation" from international organizations. (BBC Web Page: 04/02/24, FARUK)

**::THE END::**